মহামহোপাধ্যায়

শ্রীশ্রীজগদীশ তর্কালঙ্কার বিরচিত

মূল ও বঙ্গানুবাদ।

পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত পার্ব্বতীচরণ তর্কতীর্থ সংশোধিত

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ

লিখিত ভূমিকাসহ।

অনুবাদক শ্রীযুক্ত রাজেন্দ্র নাথ ঘোষ।

কলিকাতা।

শকাব্দ ১৮৪০.

মূল্য ॥০

নিবেদন।

কয়েক বৎসর পূর্ব্বে নব্যন্যায়ের ব্যাপ্তিপঞ্চক নামক পুস্তকখানি, মাথুরী ও দীধিতির বঙ্গানুবাদ, সুবিস্তৃত তাৎপর্য্য ও ন্যায়ফক্কিকা-প্রভৃতিসহ প্রকাশিত করি। কিন্তু মূল ও টীকাসহ ষোল পৃষ্ঠার পুস্তকখানি, যথাসম্ভব সরল হইবে বলিয়া ছয়শত পৃষ্ঠাপর্য্যন্ত লিখিত হইলেও অনেকেরই পক্ষে তাহা কঠিন বোধ হইতেছে—দেখিতেছি। ইহার একটী কারণ ন্যায়শাস্ত্রের প্রচারাল্পতা। বস্তুতঃ, সেই প্রচারাল্পতা নিবারণ করিবার জন্যই এই বর্ত্তমান প্রয়াস।

এই শাস্ত্রের পঠনপাঠনের প্রচলিত রীতি অনুসারে প্রায় সকল প্রথমশিক্ষার্থীকেই ব্যাপ্তিপঞ্চকপাঠের পূর্ব্বে একখানি নব্যন্যায়ের প্রবেশিকাস্থানীয় পুস্তক পাঠ করিতে হয়। এই প্রবেশিকা পুস্তক, প্রাচীনকাল হইতে এ পর্য্যন্ত বহু রচিত হইয়া গিয়াছে, এবং বহু বিলুপ্ত হইলেও এখনও পর্য্যন্ত তাহাদের মধ্যে বহু পুস্তক বিদ্যমানও রহিয়াছে, কিন্তু তাহা সত্ত্বেও মহামহোপাধ্যায় বিশ্বনাথ ন্যায়পঞ্চানন বিরচিত ভাষা-পরিচ্ছেদ নামক গ্রন্থখানি বঙ্গদেশে, ও মহামহোপাধ্যায় অন্নম্ভট্ট বিরচিত তর্কসংগ্রহ নামক গ্রন্থখানি পশ্চিমদেশে, এতদুদ্দেশ্যে সাধারণতঃ পঠিত হয়। কিন্তু তথাপি নব্যন্যায়ের চরম পরিণতি ও পরম সূক্ষ্মতা যে মহাত্মার হৃদয়ে বিকশিত হইয়াছিল, সেই মহামতি জগদীশতর্কালঙ্কার মহাশয় বিরচিত তর্কামৃত নামক গ্রন্থখানি যে এতদুদ্দেশ্যে সর্ব্বাপেক্ষা উপযোগী, তাহা অনেক সূক্ষ্মদর্শী অধ্যাপকই অনুভব করিয়া থাকেন। এই জন্যই (স্বর্গীয়) মহামহোপাধ্যায় মহেশচন্দ্র ন্যায়রত্ন মহাশয় স্বয়ং ইহার সম্পাদনভার গ্রহণ করিয়া (স্বর্গীয়) জীবানন্দ বিদ্যাসাগর মহাশয়ের

দ্বারা প্রকাশিত করেন। আমরাও ইহার অত্যধিক উপযোগিতা বুঝিয়া উক্ত ব্যাপ্তিপঞ্চকগ্রন্থের ভূমিকামধ্যে অপরাপর বহু জ্ঞাতব্য বিষয়ের সহিত ইহার বঙ্গানুবাদমাত্র প্রয়োজনানুসারে বিক্ষিপ্তভাবে প্রদান করিয়াছি। এক্ষণে সেই অনুবাদকে আরও একটু বিস্তৃত ও পরিমার্জ্জিত করিয়া মূলগ্রন্থসহ "ন্যায়প্রবেশ প্রথমভাগ" রূপে প্রকাশিত করিলাম, আশা করি ইহাতে প্রথমশিক্ষার্থীর কিঞ্চিৎ সুবিধা হইবে। আর ভগবানের দয়া হইলে ও পাঠকবর্গের উৎসাহ পাইলে ইহারই একটী সুবিস্তৃত ব্যাখ্যারূপে যথাসম্ভব সরল বঙ্গভাষায় আধুনিক রুচির অনুরূপ করিয়া ন্যায়প্রবেশ দ্বিতীয়ভাগ নামে একখানি গ্রন্থ এবং তৃতীয়ভাগ নামে প্রাচীন ন্যায়ের জন্য তার্কিকরক্ষা নামক আর একখানি গ্রন্থ অনুবাদসহ শীঘ্রই প্রকাশিত করিব।

এই অনুবাদটী মদীয় ন্যায়শাস্ত্রাধ্যাপক পরমারাধ্য পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত পার্ব্বতীচরণ তর্কতীর্থ মহাশয় নিতান্ত দয়াপরবশ হইয়া আদ্যোপান্ত সংশোধন করিয়া দিয়াছেন, এবং এই গ্রন্থ ও এই শাস্ত্রের উপযোগিতা বিবৃত করিয়া মদীয় বেদান্তশাস্ত্রের অধ্যাপক মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথতর্কভূষণ মহাশয় যারপরনাই অনুগ্রহ করিয়া ইহার একটী ভূমিকা লিখিয়া দিয়াছেন। ইহাঁদিগের ঋণপরিশোধ সর্ব্বথা অসম্ভব। অতএব ইহাঁদিগকে ভক্তিভাবে প্রণাম করিয়াই সাধারণসমীপে এই গ্রন্থখানি উপস্থিত করিলাম। এতদ্দ্বারা নব্যন্যায়ের প্রবেশার্থিগণের যদি কিঞ্চিৎ উপকার সাধিত হয়, তাহা হইলে শ্রম সফল জ্ঞান করিব। ইতি—

৪নং আরপুলি লেন, বহুবাজার,
কলিকাতা। ১০ই পৌষ, ১৮৪০
শকাব্দ। সন ১৩২৫সাল।

শ্রীরাজেন্দ্রনাথ ঘোষ
অনুবাদক, সম্পাদক ও প্রকাশক।

ভূমিকা।

সাধারণতঃ একটা বিশ্বাস এই যে, ন্যায়শাস্ত্র অতি কর্কশ এবং নীরস, ইহার আলোচনা করিলে লোকের কেবল তর্ক করিবার শক্তিই বাড়ে, কিন্তু তত্ত্বনির্দ্ধারণ করিবার শক্তি হ্রাস পায়, তাহার ফলে আস্তিক্যবুদ্ধি লোপ পায় এবং পরিশেষে সংশয়াত্মা হইয়া লোকে ইতোনষ্ট ও ততোভ্রষ্ট হয়। বর্ত্তমান সময়েই যে এই বিশ্বাস দৃঢ়তা লাভ করিয়াছে, তাহা নহে, চারিশত বৎসরের পূর্ব্বেও অনেকের মনে যে এইরূপ বিশ্বাস ছিল, তাহার প্রমাণও বিরল নহে। ১৪৯৭ শকে বিরচিত কবিকর্ণপূরকৃত চৈতন্যচন্দ্রোদয় নামক নাটকে তাৎকালিক বঙ্গের নৈয়ায়িকগণের প্রতি যে বিদ্রূপোক্তি করা হইয়াছে, তাহা দেখিলেই বেশ বুঝিতে পারা যায় যে, ন্যায়শাস্ত্রের উপর তখনও সাধারণ লোকের এইরূপ বিশ্বাসই ছিল। সে বিদ্রূপোক্তিটী এই—

"অভ্যাসাদ্ য উপাধি জাত্যনুমিতিব্যাপ্ত্যাদিশব্দাবলে
র্জন্মারভ্য সুদূরদূরভগবদ্বার্ত্তা প্রসঙ্গাঅমী।
যে যত্রাধিককল্পনাকুশলিনস্তে তত্র বিদ্বত্তমাঃ
স্বীয়ং কল্পনমেব শাস্ত্রমিতি যে জানন্তি তে তার্কিকাঃ।"

শ্লোকটীর সংক্ষেপতঃ তাৎপর্য্য এই যে,——

অতি শৈশব হইতে ন্যায়শাস্ত্রের আলোচনায় প্রবৃত্ত হইয়া যাঁহারা তার্কিক বলিয়া পরিচিত হইয়া থাকেন, তাঁহারা কেবল ঘটত্ব পটত্ব প্রভৃতি জাতি, অনুমিতি, উপাধি, ও ব্যাপ্তি প্রভৃতি কতকগুলি পরিভাষা মাত্রই অভ্যাস করেন, তাহার ফলে তাঁহারা একেবারে ভগবচ্চিন্তা বিমুখ হইয়া পড়েন, এমন কি ভগবদ্‌বার্ত্তাতেও একান্ত পরাংমুখ হইয়া

থাকেন। তাঁহাদের মধ্যে যাঁহারা যত কল্পনা করিতে সমর্থ, তাঁহারা তত বড় পণ্ডিত বলিয়া প্রথিত হন ; ফল কথা এই যে, যাঁহারা এইরূপে ন্যায়শাস্ত্রের আলোচনার প্রভাবে নিজ নিজ কল্পনাকেই শাস্ত্র বলিয়া বিবেচনা করেন, তাহাঁরাই তার্কিক বলিয়া জনসমাজে পরিচিত হন।

কেবল চারিশত বৎসর পূর্ব্বের কথাই বা বলি কেন, আর্যযুগে পুরাণাদিরচনাকালেও জনসমাজে ন্যায়শাস্ত্রের প্রতি এইরূপই বিশ্বাস যে ছিল, তাহারও যথেষ্ট প্রমাণ দেখিতে পাওয়া যায়—

"আন্বীক্ষিকীমধীয়ানঃ শার্গালীং যোনিমাপ্নুয়াৎ।"

ইত্যাদি পুরাণবচনও এই বিষয়ে জাজ্বল্যমান প্রমাণ। বাহুল্য ভয়ে এইরূপ বহুতর বচন পুরাণাদিশাস্ত্রে বিদ্যমান থাকিলেও এস্থানে তাহা উদ্ধৃত করা হইল না, যাহা উপরে উদ্ধৃত হইয়াছে, তাহাই এইরূপ বিশ্বাসের প্রাচীনত্ব ও দৃঢ়ত্বের পক্ষে যথেষ্ট হইবে।

যাহাহউক, চারিদিক্ হইতে ন্যায়শাস্ত্রের উপর এইরূপ নানাপ্রকার বিদ্রূপবাক্যবাণ স্মরণাতীত কাল হইতে বর্ষিত হইলেও ন্যায়শাস্ত্র কিন্তু, নিজ মহত্ত্বের দৃঢ়ভিত্তির উপর এমনিই সুপ্রতিষ্ঠিত ও এমনিই নিজ গৌরবের সমুজ্জ্বল আলোকে উদ্ভাসিত, যে তাহার আশ্রয়গ্রহণ না করিলে সংস্কৃতভাষাসমুদ্রে প্রবেশপূর্ব্বক অমূল্যরত্নরাজির সংগ্রহ একান্ত দুর্ঘট হইয়া থাকে। সংস্কৃতসাহিত্য, সংস্কৃতদর্শন, সংস্কৃত জ্যোতিষ ও সংস্কৃত নীতিশাস্ত্রের প্রকৃত রহস্য হৃদয়ঙ্গম করিতে হইলে ন্যায়শাস্ত্রের পরিভাষা গুলির যথাযথ অর্থবোধ একান্ত আবশ্যক। ইহা সংস্কৃতভাষাভিজ্ঞ কোন ব্যক্তিই অস্বীকার করিতে পারেন না।

ন্যায়শাস্ত্রজ্ঞান যাঁহার নাই, তিনি বৈয়াকরণ হইতে পারেন না, বৈদান্তিক হইতে পারেন না, সাংখ্যশাস্ত্রের গভীরার্থ বুঝিতে তিনি

অসমর্থ, অলঙ্কার শাস্ত্রে তাঁহার প্রবেশাধিকার নাই, মীমাংসাশাস্ত্রের সূক্ষ্মবিচারে তিনি একান্ত কুণ্ঠিত, সুতরাং স্মৃতিশাস্ত্রেও তাঁহার সম্যগ্ ব্যুৎপত্তিলাভের সম্ভাবনা নাই। এক কথায় বলিতে গেলে বলিতে হয়—যিনি নৈয়ায়িক নহেন, তিনি সংস্কৃত ভাষার প্রগাঢ়ভাবে ব্যুৎপত্তি-লাভ করিতেই পারেন না। এই কারণে ন্যায়শাস্ত্র সংস্কৃতভাষায় প্রকৃত ব্যুৎপত্তিলাভের জন্য যে একান্ত আবশ্যক, তাহা অভিজ্ঞ ব্যক্তি-মাত্রকেই স্বীকার করিতেই হইবে।

যাহাহউক, কেন যে সংস্কৃতভাষা এত ন্যায়শাস্ত্র মুখাপেক্ষিণী হইয়াছে, সে বিষয়েও একটু প্রণিধান করা আবশ্যক।

ন্যায়শাস্ত্র কাহাকে বলে? যে শাস্ত্রের দ্বারা জ্ঞানের যাথার্থ্য বা অযাথার্থ্য বুঝিতে পারা যায়, তাহাই ন্যায়শাস্ত্র; অর্থাৎ প্রমাণ কাহাকে বলে, কিরূপ অবস্থায় আমাদের যথার্থ-জ্ঞান হইতে পারে, কিরূপ দোষ থাকিলে যথার্থ জ্ঞান উৎপন্ন হইতে পারেনা, কেমন করিয়া জ্ঞানের প্রামাণ্য বা অপ্রামাণ্য বুঝিতে পারা যায়, এই সকল প্রত্যেক শাস্ত্রের একান্ত অপেক্ষণীয় বিষয়গুলি যে শাস্ত্রে প্রধানভাবে বিচারিত ও ব্যবস্থাপিত হইয়াছে, তাহাই ন্যায়শাস্ত্র। এক কথায় যে তত্ত্বের নির্ণয় ব্যতিরেকে কোন শাস্ত্রেই প্রবেশলাভ করিতে পারা যায় না, সেই জ্ঞানপ্রামাণ্যতত্ত্বের নির্ণয় যে শাস্ত্রের দ্বারা হয়, সেই শাস্ত্রই ন্যায়শাস্ত্র। এই জ্ঞানপ্রামাণ্যের তত্ত্বনির্ণয় করিতে হইলে, যে সকল প্রমাণ ও যুক্তির সহিত পরিচয় একান্ত আবশ্যক, তাহা প্রধানভাবে কেবল ন্যায়শাস্ত্রেই আলোচিত হইয়াছে বলিয়া ন্যায়শাস্ত্রের অত্যাবশ্যক পরিভাষা গুলির যথাযথ অর্থ না জানিতে পারিলে কোন শাস্ত্রের প্রমেয়ই ভাল করিয়া বুঝিবার সম্ভাবনা থাকে না। যদিও পূর্ব্বমীমাংসাশাস্ত্রে এই সকল বিষয়ের বিচার দেখিতে

পাওয়া যায়, কিন্তু ঐ সকল বিষয়ের আলোচনা পূর্ব্বমীমাংসার মুখ্য উদ্দেশ্য নহে, সমগ্র বেদের বাক্যবিভাগ ও বাক্যার্থনির্ণয়ই পূর্ব্বমীমাংসার প্রধানতম উদ্দেশ্য, এবং সেই নির্ণয়ের অনুকূল বলিয়া ঐ সকল বিষয় পূর্ব্বমীমাংসাশাস্ত্রে গৌণভাবে আলোচিত হইয়াছে মাত্র। যতদিন বঙ্গীয় প্রতিভার অমৃতময় ফলস্বরূপ নব্যন্যায়শাস্ত্র ভারতীয় দার্শনিকগণে পূর্ণচন্দ্রের ন্যায় উদিত হয় নাই, ততদিন পর্য্যন্ত পূর্ব্বমীমাংসার সাহায্যেই ভারতীয় দার্শনিকগণ—এই সকল তত্ত্ব বুঝিয়া পূর্ব্বমীমাংসান্তর্গত পরিভাষার সাহায্যে দর্শনশাস্ত্রে ঐ সকল বিষয়ের বিচারের অবতারণা করিতেন। কিন্তু কালবশতঃ বৈদিক ক্রিয়াগুলির এবং বেদের অধ্যয়ন ও অধ্যাপনের হ্রাসের সঙ্গে সঙ্গে মীমাংসাশাস্ত্রের অধ্যয়ন ও অধ্যাপনা ক্রমেই অনাবশ্যকপ্রায় হইতে লাগিল, এই কারণে প্রমাণতত্ত্বের নিরূপণের জন্য কেবল প্রমাণতত্ত্বসংক্রান্ত শাস্ত্রের ঐকান্তিক আবশ্যকতা বিদ্বৎসমাজে উপলব্ধ হইতে লাগিল। এই অভাব পূরণ করিবার জন্যই নব্যন্যায় জন্মগ্রহণ করিয়াছে। সেই নব্যন্যায়শাস্ত্র বাঙ্গালী জাতির গৌরবভূত যে কয়জন মহামনস্বীর হস্তে পড়িয়া অসীম শক্তি সঞ্চয় করিয়াছিল এবং সেই শক্তির সাহায্যে প্রমাণতত্ত্বনির্ণয়রাজ্যে পূর্ব্বমীমাংসাশাস্ত্রকে ও তাহার চিরন্তন সিংহাসন হইতে সরাইয়া স্বয়ং অতিব্যাপকভাবে তাহাতে গর্ব্বের সহিত উপবেশন করিতে সমর্থ হইয়াছিল, তাঁহাদের মধ্যে তার্কিকশিরোমণি রঘুনাথ শিরোমণির নামই সর্ব্বাগ্রে উল্লেখযোগ্য।

রঘুনাথ শিরোমণির দীধিতিপ্রকাশের সময় হইতে সংস্কৃতভাষাবিদ্গণের মধ্যে বাঙ্গলার নব্যন্যায়ের প্রাধান্য সুপ্রতিষ্ঠিত হইয়াছে। বেদান্তশাস্ত্রের, মীমাংসাশাস্ত্রের এবং ব্যাকরণশাস্ত্রের গ্রন্থকারগণ এই নব্যন্যায়ের নূতন আলোকে জটিল পদার্থসমূহের সূক্ষ্মতত্ত্বসমূহ আবিষ্কার

করিয়া নব্যন্যায়ের নবাবিষ্কৃত পরিভাষাসমূহের দ্বারা নিজ নিজ সিদ্ধান্ত প্রকাশ করিবার জন্য রাশি রাশি প্রকরণগ্রন্থ লিখিতে আরম্ভ করিলেন, এবং অচিরকালের মধ্যে নব্যন্যায়ের প্রাঞ্জল ভাষায় লিখিত সেই সকল গ্রন্থের এত অধিক আদর হইতে লাগিল যে ক্রমে, কি বৈদান্তিক, কি মীমাংসক, কি বৈয়াকরণ, কি স্মার্ত্ত ও কি আলঙ্কারিক সকলকেই বাধ্য হইয়া প্রযত্নসহকারে ঐ সকল নব্যন্যায়ভাষাবহুল প্রকরণগ্রন্থগুলি বুঝিবার জন্য নব্যন্যায়শাস্ত্রের অনুশীলনে প্রবৃত্ত হইতে হইল। বেদান্তশাস্ত্রের অত্যাবশ্যক প্রকরণগ্রন্থ—অদ্বৈতসিদ্ধি, চিৎসুখী, সিদ্ধান্তলেশ, বেদান্তপরিভাষা, অদ্বৈতব্রহ্মসিদ্ধি ; সাংখ্যদর্শনের প্রবচনভাষ্য ; পাণিনিব্যাকরণের মনোরমা, শব্দেন্দুশেখর, পরিভাষেন্দুশেখর ; মীমাংসার ন্যায়প্রকাশ ও ন্যায়সুধাপ্রভৃতি গ্রন্থগুলি প্রায় নব্যন্যায়ের ভাষাতেই রচিত হওয়ায় ঐসকল গ্রন্থের নিগূঢ় রহস্য বুঝিবার জন্য নব্যন্যায়ের পরিভাষাবোধ একান্ত আবশ্যক হইয়া পড়িল, এইভাবে সমগ্র শাস্ত্রের উপর নব্যন্যায়ের প্রভাব অল্পকালের মধ্যেই ছড়াইয়া পড়িল। ফলে ইহাই দাঁড়াইল যে, যিনি নৈয়ায়িক নহেন, তিনি কোন শাস্ত্রেরই অধ্যাপক হইবার যোগ্য রহিলেন না। এই রূপে বাঙ্গালী রঘুনাথ শিরোমণির অসাধারণ পাণ্ডিত্য ও মনীষার অসামান্যশক্তি সমগ্র শাস্ত্রকেই অধীন করিয়া তুলিল, নবদ্বীপের বিদ্যাপীঠের অমলকীর্ত্তিপ্রভায় সমগ্রভারতের বিদ্যাপীঠসমূহ আলোকিত হইল।

রঘুনাথ শিরোমণির পদাঙ্ক অনুসরণ করিয়া যে সকল বঙ্গজননীর কৃতীসন্তান নব্যন্যায়ের বিস্তারার্থ লেখনীধারণ করিয়াছিলেন, তাঁহাদের মধ্যে জগদীশ তর্কালঙ্কার, মথুরানাথ তর্কবাগীশ ও গদাধর ভট্টাচার্য্য এই তিন জন মহামহোপাধ্যায় পণ্ডিতের নাম বিশেষ উল্লেখযোগ্য। সমগ্রভারতের সকল পণ্ডিতগণের মধ্যে ইহাঁদের নাম সমভাবে পরি-

চিত। ইহাঁদের গ্রন্থ অধ্যয়ন না করিলে কেহই কোন শাস্ত্রের প্রবীণ অধ্যাপকের সমুন্নত আসনে উপবেশন করিতে অধিকারী হন্ না। কিন্তু তন্মধ্যে আবার জগদীশ তর্কালঙ্কারের নাম বিশেষ উল্লেখ্য ; কারণ নব্যন্যায়শাস্ত্রে প্রবেশার্থী ব্যক্তিগণের জন্য উক্ত তিনজন পণ্ডিতের মধ্যে তিনিই একখানি গ্রন্থ লিখিয়াছেন, এবং তাহারই পরিচয় দিবার জন্য এই ভূমিকার অবতারণা।

জগদীশ তর্কালঙ্কার ঠিক্ কোন্ সময়ে বঙ্গদেশের কোন্ প্রদেশে জন্মগ্রহণ করিয়াছিলেন, তাহা এখনও নিশ্চিতরূপে জানিতে পারা যায় নাই,কিন্তু, তিনি যে নবদ্বীপে অধ্যাপনা করিতেন ও নবদ্বীপেই অধ্যাপনা-কালে যে তাঁহার অসাধারণ পাণ্ডিত্যের ফলস্বরূপ দীধিতিটীকা ও শব্দ-শক্তিপ্রকাশিকাপ্রভৃতি গ্রন্থ রচনা করেন, তাহা সর্ব্বজনপ্রসিদ্ধ। খুব সম্ভব তিনি খ্রীষ্টিয় অষ্টাদশ শতাব্দীর প্রথম ভাগে নবদ্বীপে বিরাজমান ছিলেন, যেহেতু এখনও তাঁহার অষ্টম পুরুষ বর্ত্তমান রহিয়াছেন। লোকপ্রবাদ এই যে, গদাধর ভট্টাচার্য্য যখন নবদ্বীপে অধ্যাপনা করিতে আরম্ভ করেন, তখন তিনি অতিবৃদ্ধ জগদীশ তর্কালঙ্কারের পাদবন্দনা পূর্ব্বক অনুজ্ঞাগ্রহণ করিয়া উক্ত কার্য্যে ব্রতী হইয়াছিলেন। এখনও নবদ্বীপে জগদীশের ভিটা বলিয়া একটী স্থান দেখিতে পাওয়া যায়। সাধারণ লোকের মধ্যে প্রসিদ্ধি এই যে, ঐ স্থানেই জগদীশের অধ্যাপনা-স্থান ছিল। জগদীশ বৈদিক শ্রেণীর ব্রাহ্মণ ছিলেন। ইহাই হইল তাঁহার সংক্ষিপ্ত পরিচয়।

যাহাহউক তর্কামৃত নামে তিনি যে গ্রন্থ খানি রচনা করিয়াছেন, তাহাই অদ্য বঙ্গানুবাদের সহিত নব্যন্যায়তত্ত্বানুসন্ধিৎসু বঙ্গীয় পাঠক গণের জন্য প্রকাশিত হইতেছে। এই গ্রন্থ খানিতে অতি সংক্ষেপে এবং অতি সরলভাবে নব্যন্যায়ের অবশ্যজ্ঞাতব্য বিষয়গুলি সন্নিবেশিত ও

বিবৃত হইয়াছে। এই ভাবের এমন সুন্দর গ্রন্থ সংস্কৃতভাষায় আর এক খানিও নাই বলিলে অত্যুক্তি হইবে না। মোটের উপর নব্যন্যায়ের সপ্তপদার্থ, অর্থাৎ দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায়, ও অভাবই এই গ্রন্থের প্রতিপাদ্য। এই কয়েকটী পদার্থের লক্ষণ, ইহাদের অবান্তর বিভাগ এবং যুক্তি ও প্রমাণদ্বারা ইহাদের বিশ্লেষণ করিতে যাইয়া গ্রন্থকার স্বীয় অসাধারণ পাণ্ডিত্যপূর্ণ কৌশলের যেরূপ প্রয়োগ করিয়াছেন, তাহাতে অতি অল্প পরিশ্রমে অধ্যাপকের বিশেষ সাহায্য ব্যতিরেকে, অল্প সময়ের মধ্যেই অতি কঠিন নব্যন্যায়শাস্ত্রে অলসব্যক্তিরও অনায়াসে প্রবেশের পথ উন্মুক্ত করিয়া দিয়া তিনি বিদ্যার্থিগণের পক্ষে প্রভূত-উপকার সাধন করিয়াছেন। নব্যন্যায় শাস্ত্রের প্রচার দিন দিন আমাদের বিরল হইয়া পড়িতেছে, প্রাচীন পদ্ধতি অনুসারে চতুষ্পাঠীর শিক্ষা প্রণালীর প্রতি বঙ্গের শিক্ষিত ও ধনিকুলের শ্রদ্ধার অভাবই ইহার মুখ্য কারণ, অথচ নব্যন্যায়ের রক্ষা ব্যতিরেকে সংস্কৃত ভাষারূপ অমূল্য রত্নরাজিপূর্ণ ভাণ্ডারের প্রবেশদ্বারকে উদ্‌ঘাটিত রাখিবার অন্য উপায় পরিদৃষ্ট হইতেছে না। এই সঙ্কটকালে সরলভাবে বঙ্গভাষায় তর্কামৃতের ন্যায় সারগর্ভ সংক্ষিপ্ত পুস্তকের বিশাদ অনুবাদ যে একান্ত অপেক্ষণীয়, তাহা কে অস্বীকার করিবে? এই প্রকার অনুবাদগ্রন্থদ্বারা সংস্কৃত ভাষানভিজ্ঞ ব্যক্তিগণই যে কেবল উপকৃত হইবেন্ তাহা নহে, নব্যন্যায়শাস্ত্রে প্রবেশার্থী টোলের ছাত্রগণও ইহাদ্বারা যে যথেষ্ট উপকার লাভ করিবেন্, তাহাতে সন্দেহ নাই। বড়ই আনন্দের বিষয় এই গ্রন্থের অনুবাদকার্য্যের ভার উপযুক্ত সময়ে যোগ্য ব্যক্তিই গ্রহণ করিয়াছেন। পণ্ডিত রাজেন্দ্রনাথ ঘোষ বঙ্গের দার্শনিক সাহিত্যসেবিগণের নিকট সুপরিচিত। তিনি বাঙ্গালী পাঠককে নব্যন্যায়শাস্ত্রের রসাস্বাদন করাইবার জন্য যে প্রভূত শ্রম ও ক্ষতি স্বীকার করিয়াছেন, তৎকৃত

ব্যাপ্তিপঞ্চকের বঙ্গানুবাদ তাহার প্রকৃষ্ট পরিচয় দিতেছে। সরলভাবে নব্যন্যায় বুঝাইবার যে নবীন প্রণালীর উদ্ভাবনা করিয়া তিনি ব্যাপ্তি-পঞ্চকের বঙ্গানুবাদ করিয়াছেন, তাহা সম্পূর্ণ নবীন ও অসাধারণ, আশা করি তাঁহার ব্যাপ্তিপঞ্চকের বঙ্গানুবাদের ন্যায় এই তর্কামৃতের বঙ্গানু-বাদও বঙ্গীয় দার্শনিকসাহিত্যভাণ্ডারে চিরদিন অত্যুজ্জ্বল রত্নরূপে বিরাজ-মান হইবে। সংস্কৃত ভাষানভিজ্ঞ বাঙ্গালীপাঠককে ভাল করিয়া ন্যায়শাস্ত্র বুঝাইবার জন্য এই তর্কামৃতের ব্যাখ্যানরূপে তিনি ন্যায়প্রবেশ নামক এক খানি গ্রন্থ রচনা করিয়াছেন, তর্কামৃতের প্রকাশের পরেই তাহার প্রকাশ হইবার কথা। এই ভাবে নব্য ন্যায়ের তত্ত্বগুলি বঙ্গভাষায় গ্রথিত করিবার জন্য তাঁহার অসাধারণ অধ্যবসায় ও অক্লান্ত পরিশ্রম দেখিয়া বাস্তবিকই বিস্মিত হইতে হয়। ভগবান্ কল্যাণভাজন পণ্ডিত রাজেন্দ্রনাথ ঘোষকে নীরোগ ও দীর্ঘজীবী করুণ। বাঙ্গলার দার্শনিক সাহিত্যের এই শৈশবাবস্থায় তাঁহার ন্যায় ভারতীসেবকের অকপট সাহায্য যে ঐকান্তিক হিতকর ও অত্যাবশ্যক, তাহাতে সন্দেহ নাই।

কলিকাতা
সংস্কৃত কলেজ।
৩রা পৌষ ১৩২৫ সাল।

শ্রীপ্রমথনাথ তর্কভূষণ

সূচিপত্র

ন্যায়প্রবেশ

মহামহোপাধ্যায় শ্রীজগদীশ তর্কালঙ্কার

তর্কামৃত।

মঙ্গলাচরণ।

সকলের পূজনীয় এবং সর্ব্বদা অভীষ্টপ্রদ যে ব্রহ্মাদিদেবতাগণ, তাঁহারা অজ্ঞাননাশের জন্য যাঁহাতে সমস্ত মনোবৃত্তি স্থাপন করিয়া থাকেন, ভবভয়ধ্বংসের একমাত্র উৎকৃষ্টকারণস্বরূপ সেই নিরুপম শ্রীবিষ্ণুর পাদপদ্মকে হৃৎপদ্মে স্থাপন করিয়া তর্কামৃত রচনা করিতেছি। ১

উপোদঘাত।

শ্রুতিতে আছে—"আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ" * ; অর্থাৎ "অরে! আত্মাই, দ্রষ্টব্য, শ্রোতব্য, মন্তব্য এবং নিদিধ্যাসিতব্য" ইত্যাদি।

ব্রহ্মাদ্যা নিখিলার্চিতাস্ত্রিদশসন্দোহাঃ সদাভীষ্টদাঃ
অজ্ঞানপ্রশমায় যত্র মনসো বৃত্তিং সমস্তাং দধুঃ।
শ্রীবিষ্ণোশ্চরণাম্বুজং ভবভয়ধ্বংসৈকবীজং পরং
হৃৎপদ্মে বিনিধায় তন্নিরুপমস্তর্কামৃতং তন্যতে॥ ১

অথ শ্রুতিঃ শ্রূয়তে,—"আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ"ইতি। অস্যার্থঃ—মুমুক্ষুণা আত্মা দ্রষ্টব্যঃ, মুমুক্ষোঃ আত্ম-

---

* বৃহদারণ্যকোপনিষৎ। ৪.৫.৬

ইহার তাৎপর্য্য—("অরে মৈত্রেয়ি!) মুমুক্ষুব্যক্তি আত্মাকে দেখিবে, অর্থাৎ মুমুক্ষুর পক্ষে আত্মদর্শনই ইষ্টসাধন।"

সেই আত্মদর্শনের উপায় কি, তাহাই বলিবার জন্য বলা হইয়াছে—"শ্রোতব্যঃ" ইত্যাদি। অর্থাৎ ইহার উপায়—শ্রবণ, মনন ও নিদিধ্যাসন। যদি বলা হয়—উক্ত শ্রুতিতে অগ্রে "দ্রষ্টব্য" পরে "শ্রোতব্য" থাকায় শব্দক্রম উপেক্ষা করিয়া দর্শনকেই শ্রবণের উপায় না বলিয়া আর্থক্রম গ্রহণ করিয়া যে শ্রবণকে দর্শনের উপায় বলা হইতেছে, তাহা কোন্ প্রমাণবলে বলা হইতেছে?

ইহার উত্তর এই যে, যেখানে কার্য্যকারণভাবরূপ সম্বন্ধ আছে, সেখানে বেদের মধ্যেও এরূপ করা হয়। যেহেতু, বেদের "অগ্নিহোত্র যাগ করিবে, যবাগূ পাক করিবে" এই স্থলে শব্দক্রমানুসারে অগ্নিহোত্রযাগের বিধানের পর যবাগূপাকের কথা থাকিলেও এস্থলে বেদোক্ত যে শব্দলভ্য ক্রম, সেই ক্রমকে পরিত্যাগ করিয়া উক্ত বেদবাক্যের অর্থলভ্য ক্রমকে অবলম্বনপূর্ব্বক যেমন এই বেদবাক্যে যবাগূপাকের বিধান পূর্ব্বে করা হইতেছে, এবং অগ্নিহোত্রযাগের বিধান তাহার পরে করা হইয়াছে—এইরূপই অর্থ করা হয়, তদ্রূপ উক্ত শ্রুতিতেও 'দ্রষ্টব্য' পদদ্বারা আত্ম-

দর্শনম্ ইষ্টসাধনমিতি যাবৎ। আত্মদর্শনোপায়ঃ ক ইতি অত্রাহ—"শ্রোতব্যঃ" ইত্যাদি; তেন আর্থক্রমেণ শব্দক্রমঃ ত্যক্তো ভবতি, "অগ্নিহোত্রং জুহোতি যবাগূং পচতি" ইত্যাদিবৎ। তথা চ শ্রবণমননিদিধ্যাসনানি তত্ত্বজ্ঞানজনকানি ইত্যুক্তং ভবতি। অত্র শ্রুতিতঃ কৃতাত্মশ্রবণস্য

দর্শন প্রথমে এবং শ্রোতব্যাদি বাক্যের দ্বারা বেদশ্রবণ পরে কথিত হইলেও এ স্থলের শব্দক্রমকে পরিত্যাগ করিয়া আর্থক্রমকে অবলম্বনপূর্ব্বক আত্মদর্শনের পূর্ব্বে বেদশ্রবণ করিতে বলা হইয়াছে—এইরূপই বুঝিতে হইবে। সুতরাং উক্ত "শ্রোতব্য"ইত্যাদি শ্রুতিবাক্যে বলা হইল যে, শ্রবণ, মনন ও নিদিধ্যাসন—ইহারা তত্ত্বজ্ঞানের জনক।

ইহার অভিপ্রায় এই যে, যিনি বেদাধ্যয়নদ্বারা আত্মবিষয়ক শ্রবণ করিয়াছেন, তাঁহার মননে অধিকার হয়। আর এই মননটী (আত্মাকে পক্ষ করিয়া ইতরভেদকে সাধ্য করিয়া এবং আত্মত্ববত্ত্বকে হেতু করিয়া এবং ঘটাদিকে ব্যতীরেকী দৃষ্টান্ত করিয়া) আত্মার ইতরভিন্নত্বের অনুমান ভিন্ন আর কিছুই নহে। (তাহা আবার সাধ্য যে ইতরভেদ, সেই ইতরভেদের) প্রতিযোগী যে 'ইতর', সেই ইতরের জ্ঞানজন্য হইয়া থাকে। যেহেতু অভাবজ্ঞানের প্রতি প্রতিযোগীর জ্ঞান কারণ হয় ; সুতরাং সেই ইতরগুলি কি, তাহাই নিরূপণ করিবার জন্য পদার্থনিরূপণ করা আবশ্যক হয়। ২

মননে অধিকারঃ, মননং চ আত্মন ইতরভিন্নত্বেন অনুমানম্, তচ্চ ভেদপ্রতিযোগীতরজ্ঞানসাধ্যম্। তথা চ ইতরৎ এব কিয়ৎ ইতি এতদর্থং পদার্থনিরূপণম্। ২

টিপ্পনী—ইতর শব্দের অর্থ অন্য। প্রতিযোগী শব্দের অর্থ যাহার অভাব তাহা। পক্ষ ও সাধ্য কাহাকে বলে, তাহা ১২ পৃষ্ঠায় সংক্ষেপে বলা হইয়াছে এবং পরে বিস্তৃত বিস্তৃত ভাবে কথিত হইবে।

প্রথম পরিচ্ছেদ—বিষয়কাণ্ড।

পদার্থ নিরূপণ।

সংক্ষেপতঃ পদার্থ দ্বিবিধ, যথা—ভাব ও অভাব। তন্মধ্যে—

ভাবপদার্থ ছয় প্রকার, যথা—দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ ও সমাবায়। তন্মধ্যে—

দ্রব্য, গুণ ও কর্ম্মের ধর্ম্ম যে দ্রব্যত্ব, গুণত্ব ও কর্ম্মত্ব, তাহারা সামান্য অর্থাৎ জাতি, এবং সামান্য, বিশেষ ও সমবায়ের ধর্ম্ম যে সামান্যত্ব, বিশেষত্ব এবং সমবায়ত্ব, তাহাদিগকে উপাধি অর্থাৎ ভেদক ধর্ম্ম বলা হয়। তাহারা জাতি নহে। এই জাতি কাহাকে বলে, তাহা পরে বলা যাইতেছে।

প্রথমপদার্থ-দ্রব্য-নিরূপণ।

দ্রব্য নয় প্রকার, যথা—পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ, কাল, দিক্, আত্মা (জীবাত্মা ও পরমাত্মা) ও মন। তন্মধ্যে—

পৃথিবী, জল, তেজ, বায়ু, আত্মা ও মনের ধর্ম্ম যে পৃথিবীত্ব, জলত্ব, তেজস্ত্ব, বায়ুত্ব, আত্মত্ব ও মনস্ত্ব, তাহারা সামান্য অর্থাৎ জাতি, এবং আকাশ, কাল ও দিকের ধর্ম্ম যে আকাশত্ব, কালত্ব ও দিক্ত্ব, তাহারা উপাধি। ৩। উক্ত নয় প্রকার দ্রব্যের মধ্যে—

সংক্ষেপতঃ পদার্থো দ্বিবিধঃ—ভাবোঽভাবশ্চ ; ভাবঃ ষড়্বিধঃ,—দ্রব্য-গুণ-কর্ম্ম-সামান্য-বিশেষ-সমবায়ভেদাৎ। তত্র দ্রব্যত্ব-গুণত্ব-কর্ম্মত্বানি জাতয়ঃ সমান্যত্বাদীনি উপাধয়ঃ। দ্রব্যাণি নব,—পৃথিব্যপ্তেজোবাय্বা-কাশ-কাল-দিগাত্ম-মনাংসি। আকাশত্ব-কালত্ব-দিক্ত্বানি উপাধয়ঃ, অন্যানি জাতয়ঃ। ৩

পৃথিবীর গুণ চতুর্দ্দশটী, যথা—১ রূপ, ২ রস, ৩ গন্ধ, ৪ স্পর্শ, ৫ সংখ্যা, ৬ পরিমাণ, ৭ পৃথক্ত্ব, ৮ সংযোগ, ৯ বিভাগ, ১০ পরত্ব, ১১ অপরত্ব, ১২ গুরুত্ব, ১৩ দ্রবত্ব ও ১৪ সংস্কার। (গুণ সর্ব্বশুদ্ধ ২৪টী ; ইহাদের পরিচয় ১৭ পৃষ্ঠায় প্রদত্ত হইবে।)

জলের গুণও উক্ত চতুর্দ্দশটী, তবে উহাদের মধ্য হইতে গন্ধকে ত্যাগ করিতে হইবে, এবং স্নেহকে গ্রহণ করিতে হইবে।

তেজের গুণ একাদশটী, যথা—১ রূপ, ২ স্পর্শ, ৩ সংখ্যা, ৪ পরিমাণ, ৫ পৃথক্ত্ব, ৬ সংযোগ, ৭ বিভাগ, ৮ পরত্ব, ৯ অপরত্ব, ১০ দ্রব্যত্ব ও ১১ সংস্কার।

বায়ুর গুণ নয়টী, যথা—১ স্পর্শ, ২ সংখ্যা, ৩ পরিমাণ, ৪ পৃথক্ত্ব, ৫ সংযোগ, ৬ বিভাগ, ৭ পরত্ব, ৮ অপরত্ব, ও ৯ সংস্কার।

আকাশের গুণ ছয়টী, যথা—১ শব্দ, ২ সংখ্যা, ৩ পরিমাণ, ৪ পৃথক্ত্ব, ৫ সংযোগ, ও ৬ বিভাগ।

কালের গুণ পাঁচটী, যথা—১ সংখ্যা, ২ পরিমাণ, ৩ পৃথক্ত্ব, ৪ সংযোগ ও ৫ বিভাগ।

তত্র রূপরসগন্ধস্পর্শসংখ্যাপরিমাণপৃথক্ত্বসংযোগবিভাগপরত্বাপরত্ব-গুরুত্বদ্রবত্বসংস্কারাশ্চতুর্দ্দশ গুণাঃ পৃথিব্যাম্। তত্রৈব গন্ধং বিহায় স্নেহং বিনিয়োজ্য চতুর্দ্দশ গুণাঃ জলস্য। রূপস্পর্শসংখ্যাপরিমাণপৃথক্ত্ব-সংযোগবিভাগপরত্বাপরত্বদ্রবত্বসংস্কারা একাদশ গুণাঃ তেজসঃ। স্পর্শ-সংখ্যাপরিমাণপৃথক্ত্বসংযোগবিভাগপরত্বাপরত্বসংস্কারা নব গুণা বায়োঃ। শব্দসংখ্যাপরিমাণপৃথক্ত্বসংযোগবিভাগাঃ ষড়্ গুণা আকাশস্য। সংখ্যা-পরিমাণপৃথক্ত্বসংযোগবিভাগাঃ পঞ্চ গুণাঃ কালদিশোঃ। সংখ্যাপরি-

দিকের গুণও ঐ পাঁচটী।

আত্মার (অর্থাৎ জীবাত্মার) গুণ চতুর্দ্দশটী, যথা—১ সংখ্যা, ২ পরিমাণ, ৩ পৃথক্ত্ব, ৪ সংযোগ, ৫ বিভাগ, ৬ বুদ্ধি (অর্থাৎ (জ্ঞান), ৭ সুখ, ৮ দুঃখ, ৯ ইচ্ছা, ১০ দ্বেষ, ১১ প্রযত্ন, (কৃতি), ১২ ধর্ম্ম, ১৩ অধর্ম্ম, ও ১৪ সংস্কার।

মনের গুণ আটটী, যথা—১ সংখ্যা, ২ পরিমাণ, ৩ পৃথক্ত্ব, ৪ সংযোগ, ৫ বিভাগ, ৬ পরত্ব, ৭ অপরত্ব, ও ৮ সংস্কার।

ঈশ্বরের (অর্থাৎ পরমাত্মার) গুণ আটটী, যথা—১ বুদ্ধি বা জ্ঞান, ২ ইচ্ছা, ৩ কৃতি, ৪ সংখ্যা, ৫ পরিমাণ, ৬ পৃথক্ত্ব, ৭ সংযোগ, ও ৮ বিভাগ। [আত্মা দ্বিবিধ, জীবাত্মা ও পরমাত্মা।]

এই গুণবিভাগের প্রমাণ-স্বরূপ একটী শ্লোক আছে, যথা—

"বায়োর্নবৈকাদশতেজসো গুণাঃ, জল-ক্ষিতি-প্রাণভৃতাং চতুর্দ্দশ।
দিক্কালয়োঃ পঞ্চ, ষড়েব চাম্বরে, মহেশ্বরেঽষ্টৌ মনসস্তথৈব চ॥"

অর্থাৎ বায়ুর নয়টী; তেজের একাদশটী; জল, ক্ষিতি ও জীবাত্মার চতুর্দ্দশটী; দিক্ ও কালের পাঁচটী; আকাশের ছয়টী; আর পরমাত্মা ও মনের আট আটটী গুণ আছে। ৪

মাণপৃথক্ত্বসংযোগবিভাগবুদ্ধিসুখদুঃখেচ্ছাদ্বেষপ্রযত্নধর্মাধর্মসংস্কারাঃ চতুর্দ্দশগুণা আত্মনঃ। সংখ্যাপরিমাণপৃথক্ত্বসংযোগবিভাগপরত্বাপরত্বসংস্কারা অষ্টৌ গুণা মনসঃ। জ্ঞানেচ্ছাকৃতিসংখ্যাদিপঞ্চকম্—অষ্টৌ গুণা ঈশ্বরস্য। তথা চ,—

বায়োর্নবৈকাদশ তেজসো গুণাঃ, জলক্ষিতিপ্রাণভৃতাং চতুর্দ্দশ।
দিক্কালয়োঃ পঞ্চ ষড়েব চাম্বরে মহেশ্বরেঽষ্টৌ মনসস্তথৈব চ॥ ৪

উক্ত নয় প্রকার দ্রব্যের মধ্যে পৃথিবী, জল, তেজ ও বায়ু ইহারা দ্বিবিধ, যথা—পরমাণুরূপ আর সাবয়ব; এবং আকাশ, কাল, আত্মা ও দিক্—ইহারা বিভুরূপ। মন পরমাণুরূপ। তন্মধ্যে—

যাহারা সাবয়ব তাহারা অনিত্য, এবং যাহারা পরমাণু বা বিভুরূপ তাহারা নিত্য।

সাবয়বদ্রব্যও আবার ত্রিবিধ, যথা—শরীর, ইন্দ্রিয় ও বিষয়রূপ। তন্মধ্যে—

পার্থিব শরীর, যথা—মানুষশরীর, ইহা মর্ত্তালোকে প্রসিদ্ধ; জলীয় শরীর বরুণলোকে প্রসিদ্ধ; তৈজস শরীর আদিত্যলোকে থাকে, এবং বায়বীয় শরীর বায়ুলোকে আছে। আকাশাদি চতুষ্টয় কিংবা পরমাণু ইহারা সাবয়ব নহে বলিয়া ইহাদের শরীর নাই, অর্থাৎ ইহার উক্ত ত্রিবিধরূপতা নাই।

পার্থিব ইন্দ্রিয়—ঘ্রাণ; জলীয় ইন্দ্রিয়—রসনা: তৈজস ইন্দ্রিয় চক্ষু, বায়বীয় ইন্দ্রিয়—ত্বক্, (আকাশ নিরবয়ব হইলেও) আকাশীয় ইন্দ্রিয় শ্রোত্র; ইহা কর্ণগহ্বরদ্বারা অবচ্ছিন্ন আকাশ-

---

তত্র পৃথিবীজলতেজোবায়বো দ্বিবিধাঃ,—পরমাণবঃ সাবয়বাশ্চ। আকাশকালাত্মদিশো বিভুরূপাঃ। মনঃ পরমাণুরূপম্। তত্র সাবয়বা অনিত্যাঃ, ইতরাণি নিত্যানি; সাবয়বা অপি ত্রিবিধাঃ—শরীরেন্দ্রিয়বিষয়ভেদাৎ। মানুষং শরীরং পার্থিবম্, জলীয়ং শরীরং বরুণলোকে প্রসিদ্ধম্, তৈজসং শরীরম্ আদিত্যলোকে, বায়বীয়ং শরীরং বায়ুলোকে। ঘ্রাণেন্দ্রিয়ং পার্থিবং, রসনেন্দ্রিয়ং জলীয়ং, চক্ষুরিন্দ্রিয়ং তৈজসং ত্বগিন্দ্রিয়ং

বিশেষ। এই পাঁচটী ইন্দ্রিয়কে বহিরিন্দ্রিয় বলা হয়, মনকে অন্তরিন্দ্রিয় বলা হয়। এইরূপে ইন্দ্রিয় হইল সর্ব্বশুদ্ধ ছয়টী।

বিষয়গুলি শব্দাদিরূপে প্রসিদ্ধ। [অথবা, পার্থিব বিষয়—দ্ব্যণুকাদি ব্রহ্মাণ্ড পর্য্যন্ত। জলীয় বিষয়—সাগর ও করকাদি। তৈজস বিষয়—বহ্নি ও সুবর্ণাদি। বায়ব বিষয়—প্রাণাদি মহাবায়ু পর্য্যন্ত। আকাশের বিষয়—নাই। (ভাঃ পঃ)।]

আত্মা দ্বিবিধ, যথা—জীবাত্মা এবং পরমাত্মা। তন্মধ্যে জীবাত্মাগুলি প্রতিশরীরে বিভিন্ন এবং বন্ধমোক্ষের যোগ্য, কিন্তু যিনি পরমাত্মা, তিনি ঈশ্বর। ৫

অপ্রত্যক্ষ দ্রব্য, যথা—পরমাণু, দ্ব্যণুক, বায়ু, আকাশ, কাল, দিক্ ও মন।

প্রত্যক্ষ দ্রব্য, যথা,—আত্মা এবং মহত্ত্ব ও উদ্ভূতরূপবিশিষ্ট পৃথিবী, জল ও তেজ। এই পৃথিবী, জল ও তেজ ত্রসরেণু হইতে ঘটপটাদি যাবদ্ বস্তু ; তন্মধ্যে আত্মার যে প্রত্যক্ষ, তাহা মানসপ্রত্যক্ষ এবং তদ্ভিন্নের যে প্রত্যক্ষ, তাহা বহিরিন্দ্রিয়-জন্য লৌকিক-প্রত্যক্ষ।]

বায়বীয়ং, শ্রোত্রেন্দ্রিয়ং কর্ণশষ্কুল্যবচ্ছিন্ননভঃপ্রদেশঃ, এতানি পঞ্চ বহিরিন্দ্রিয়াণি, মনোঽন্তরিন্দ্রিয়ং, তেন ষড়িন্দ্রিয়াণি। বিষয়াশ্চ শব্দাদিরূপেণ প্রসিদ্ধাঃ। আত্মা দ্বিবিধঃ—জীবাত্মা পরমাত্মা চ ; তত্র জীবাত্মানঃ প্রতিশরীরং ভিন্নাঃ বন্ধমোক্ষযোগ্যাঃ, পরমাত্মা ঈশ্বরঃ। ৫

অথ প্রত্যক্ষাপ্রত্যক্ষদ্রব্যাণি,—পরমাণুদ্ব্যণুকে অপ্রত্যক্ষে, মহত্ত্বভূতরূপবত্ত্বং যত্র, তানি পৃথিবীজলতেজাংসি প্রত্যক্ষাণি, আত্মা চ প্রত্যক্ষঃ।

বহির্দ্রব্য-প্রত্যক্ষের প্রতি মহত্ত্ব এবং উদ্ভূতরূপকে কারণ বলিয়া বুঝিতে হইবে। ৬

দ্রব্যোৎপত্তির প্রক্রিয়া যথা ;—প্রথমতঃ জানিতে হইবে, যাহা কারণ-বিশিষ্ট তাহারই উৎপত্তি হয়। যাহার কারণ নাই, তাহার উৎপত্তি নাই। যেমন ঘটের কারণ আছে, তাই তাহার উৎপত্তিও আছে এবং পরমাণুর কারণ নাই, তাই তাহার উৎপত্তিও নাই বলা হয়।

(কারণের নির্ব্বচন।)

কারণ শব্দের অর্থ—যাহা ভিন্ন কার্য্য হয় না, এবং যাহা কার্য্যের নিয়তপূর্ব্ববর্ত্তী, তাহা। এই কারণের যে ধর্ম্ম, তাহাই কারণত্ব। [ইহা জাতি নহে।]

এই কারণ ত্রিবিধ, যথা—সমবায়ি কারণ, অসমবায়ি কারণ এবং নিমিত্ত কারণ।

সমবায়ি কারণ—যে কারণের উপর সমবায়-সম্বন্ধে 'কার্য্য' থাকে। যেমন, দ্ব্যণুকের পক্ষে পরমাণু,এবং ঘটের পক্ষে কপাল। (অর্থাৎ পরমাণুরূপ কারণে দ্ব্যণুকরূপ কার্য্য সমবায়সম্বন্ধে থাকে

বায়্বাকাশকালদিঙ্‌মনাংসি তু অপ্রত্যক্ষাণি। বহির্দ্রব্যপ্রত্যক্ষং প্রতি মহত্ত্বে সতি উদ্ভূতরূপবত্ত্বং প্রয়োজকম্। ৬

অথ দ্রব্যোৎপত্তিপ্রক্রিয়া। তত্রোৎপত্তিঃ—কারণবতঃ। অনন্যথাসিদ্ধনিয়তপূর্ব্ববর্ত্তি (যৎ, তৎ) কারণং, তত্ত্বং কারণত্বম্। ত্রিবিধানি কারণানি, সমবায়িকারণাসমবায়িকারণনিমিত্তকারণানি। যৎসমবেতং কার্য্যম্ উৎ-

বলিয়া এবং কপালরূপ কারণে ঘটস্বরূপ কার্য্য সমবায়সম্বন্ধে থাকে বলিয়া দ্ব্যণুকের পক্ষে পরমাণু এবং কপালের পক্ষে ঘট সমবায়ি কারণ হয়।)

অসমবায়ি কারণ—সমবায়ি-কারণে স্থিত অথচ কার্য্যের যে জনক, তাহাই অসমবায়ি-কারণ। যেমন, দ্ব্যণুকের পক্ষে পরমাণু-দ্বয়ের সংযোগ, এবং ঘটরূপের পক্ষে কপালের রূপ, ইত্যাদি।

নিমিত্ত কারণ—এই উভয়প্রকার কারণ ভিন্ন যে কারণ, তাহার নাম নিমিত্ত কারণ; যেমন, দ্ব্যণুকের পক্ষে ঈশ্বর, এবং ঘটের পক্ষে দণ্ড।

এই কারণ তিনটী ভাবরূপ কার্য্য-পদার্থেরই সম্ভব হয়, অভাবরূপ-কার্য্য (প্রধ্বংসাভাব) পদার্থের পক্ষে ইহা সম্ভব নহে;

(তবে সকল ভাবকার্য্যেরই যে তিনটী কারণ থাকে, তাহাও নহে। যেমন, ঘটত্বপটত্বনিষ্ঠদ্বিত্ব সংখ্যার সমবায়ি কারণ নাই, সুতরাং অসমবায়ি কারণও নাই, কিন্তু কেবল নিমিত্ত কারণই আছে। নিমিত্ত কারণ নাই এমন কার্য্যই নাই। অভাবের মধ্যে ধ্বংসই জন্য, এবং তাহার সমবায়ি ও অসমবায়ি কারণ নাই। কেবল প্রতিযোগিপ্রভৃতি নিমিত্ত কারণ আছে।)

পদ্যতে তৎ সমবায়িকারণং, যথা—পরমাণুঃ দ্ব্যণুকস্য, কপালং ঘটস্য। সমবায়িকারণে সম্বদ্ধং কারণম্ অসমবায়িকারণং, যথা—পরমাণুদ্বয়সংযোগো দ্ব্যণুকস্য; কপালরূপং ঘটরূপস্য। এতদুভয়ভিন্নং যৎ কারণং তৎ নিমিত্ত-কারণং, যথা—দ্ব্যণুকে ঈশ্বরঃ, ঘটে দণ্ডঃ। এতৎকারণত্রয়ং ভাবকার্য্য-মাত্রস্য। তত্র সমবায়িকারণং দ্রব্যমেব। অসমবায়িকারণং দ্রব্যে গুণঃ,

সমবায়ি কারণ দ্রব্যই হয়। অসমবায়ি কারণ—দ্রব্যের পক্ষে গুণ হয়, এবং কার্য্যবৃত্তি-গুণের পক্ষে হয় সমবায়ি কারণের গুণ এবং কর্ম্ম এই দুইটী। [নিমিত্ত কারণ সকলই হইতে পারে।]

কার্য্যমাত্রের প্রতি সাধারণ কারণ—১ ঈশ্বর, ২ ঈশ্বরের জ্ঞান, ৩ ঈশ্বরের ইচ্ছা, ৪ ঈশ্বরের যত্ন, ৫ প্রাগভাব, ৬ কাল, ৭ দিক্ এবং ৮ অদৃষ্ট। (অসাধারণ কারণের পরিচয় উপরে কথিত হইয়াছে।)

দ্রব্যোৎপত্তিতে ক্রম এই—পরমাণুদ্বয়ের সংযোগ হইতে দ্ব্যণুক উৎপন্ন হয়, এই সংযুক্তদ্ব্যণুক তিনটী হইতে ত্রসরেণু উৎপন্ন হয়। এইরূপে চতুরণুকাদি হইতে কপাল পর্য্যন্ত উৎপন্ন হইলে কপালদ্বয়-সংযোগে ঘট উৎপন্ন হয়। এই ঘট আর কাহারও অবয়ব হয় না। ইহার নাম অন্ত্যাবয়বী। ৭।

দ্রব্যের প্রমাণ যথা—

প্রত্যক্ষদ্রব্যে প্রত্যক্ষই প্রমাণ, অতীন্দ্রিয়দ্রব্যে অনুমানই প্রমাণ হইয়া থাকে।

গুণে গুণঃ কর্ম্ম চ। কার্য্যমাত্রং প্রতি সাধারণকারণানি—ঈশ্বরঃ, তজ্জ্ঞানেচ্ছাকৃতয়ঃ, প্রাগভাবকালদিগদৃষ্টানি। তত্র পরমাণুদ্বয়সংযোগাৎ দ্ব্যণুকম্ উৎপদ্যতে, সংযুক্তদ্ব্যণুকত্রয়াৎ ত্রসরেণুঃ। এবং চতুরণুকাদি-কপালান্তং কপালদ্বয়সংযোগেন ঘটো জায়তে, ঘটস্তু অন্ত্যাবয়বী। ৭

অথ দ্রব্যে প্রমাণং কথ্যতে,—প্রত্যক্ষদ্রব্যে প্রত্যক্ষমেব প্রমাণম্,

এই অনুমান—পক্ষ, হেতু, সাধ্য ও দৃষ্টান্তের জ্ঞান হইতে হয়। ইহা বিশেষভাবে পরে আলোচ্য।

পরমাণু ও দ্ব্যণুকের জন্য যে অনুমান করিতে হয়, তাহা এই—

ত্রসরেণুগুলিতে সাবয়ব-দ্রব্য-গঠিতত্ব আছে (প্রতিজ্ঞা)

যেহেতু ত্রসরেণুগুলিতে বহিরিন্দ্রিয়-বেদ্য-দ্রব্যত্ব আছে (হেতু)

যে দ্রব্য বহিরিন্দ্রিয়-বেদ্য, তাহা অবশ্যই

সাবয়ব-দ্রব্যারব্ধ, যেমন ঘট ... (উদাহরণ)

এস্থলে ত্রসরেণু—পক্ষ, সাবয়ব-দ্রব্যারব্ধত্ব—সাধ্য, বহিরিন্দ্রিয়বেদ্য-দ্রব্যত্ব—হেতু, ঘট—দৃষ্টান্ত। এতদ্দ্বারা দ্ব্যণুক এবং পরমাণু সিদ্ধ হইল। ৮

আকাশ এবং বায়ু যথাক্রমে শব্দ ও স্পর্শদ্বারা অনুমিত হয়, আকাশের অনুমিতি যথা—

শব্দ—দ্রব্যাশ্রিত ... ... (প্রতিজ্ঞা)

যেহেতু শব্দে গুণত্ব রহিয়াছে (হেতু)

যেমন ঘটের রূপ ... ... (উদাহরণ)

অতীন্দ্রিয়ে অনুমানম্। তৎ পক্ষহেতুসাধ্যদৃষ্টান্তজ্ঞানসাধ্যম্, বিশেষো বক্ষ্যতে। পরমাণুদ্ব্যণুকানুমানং যথা—ত্রসরেণুঃ সাবয়বদ্রব্যারব্ধঃ, বহিরিন্দ্রিয়বেদ্যদ্রব্যত্বাৎ, বহিরিন্দ্রিয়বেদ্যদ্রব্যং যৎ তৎ সাবয়বদ্রব্যারব্ধং যথা ঘটঃ। অত্র ত্রসরেণুঃ পক্ষঃ, সাবয়বদ্রব্যারব্ধত্বং সাধ্যং, বহিরিন্দ্রিয়বেদ্যদ্রব্যত্বাৎ ইতি হেতুঃ, ঘটো দৃষ্টান্তঃ অনেন দ্ব্যণুকং পরমাণুশ্চ সিধ্যতি। ৮

আকাশবায়ূ শব্দেন স্পর্শেন চ অনুমীয়েতে,—শব্দো দ্রব্যাশ্রিতো, গুণত্বাৎ, যথা ঘটরূপম্, অনেন দ্রব্যান্তরবাধাৎ শব্দাশ্রয়ত্বেন আকাশঃ

এখন দ্রব্যান্তরে শব্দ নাই বলিয়া এতদ্দারা শব্দের আশ্রয়-রূপে আকাশ সিদ্ধ হইল।

ঐরূপ বায়ুর অনুমিতি, যথা—

পৃথিবী অপ্ তেজ—এতত্ত্রয়ে অবৃত্তি যে স্পর্শ,

তাহা দ্রব্যাশ্রিত ... (প্রতিজ্ঞা)

যেহেতু, ঐ স্পর্শে গুণত্ব আছে ... (হেতু)

এখন দ্রব্যান্তরে ঐ স্পর্শ থাকে না বলিয়া এতদ্দারা ঐ স্পর্শের আশ্রয়রূপে বায়ু সিদ্ধ হইল। ৯

কালের প্রমাণ যথা,—

পরত্ব এবং অপরত্ব দ্বিবিধ, যথা—কালিক ও দৈশিক।

পরত্বের উৎপত্তি, যথা—বহুতর-রবিক্রিয়া-বিশিষ্ট শরীরের জ্ঞান হইতে পরত্বের উৎপত্তি হয়। অপরত্বের উৎপত্তি, যথা—অল্পতর রবিক্রিয়া-বিশিষ্ট শরীরের জ্ঞান হইতে অপরত্বের উৎ-পত্তি হয়। এই পরত্বের অর্থ—জ্যেষ্ঠত্ব, এবং অপরত্বের অর্থ—কনিষ্ঠত্ব বুঝিতে হইবে।

সিধ্যতি। পৃথিব্যাদিত্রয়াবৃত্তিঃ অয়ং স্পর্শো দ্রব্যাশ্রিতো গুণত্বাৎ—ইত্যনু-মানেন দ্রব্যান্তরবাধাৎ স্পর্শাশ্রয়ত্বেন বায়ুঃ সিধ্যতি। ৯

কালে প্রমাণং যথা,—পরত্বাপরত্বে দ্বিবিধে কালিকে দৈশিকে চ পরত্বোৎপত্তিশ্চ বহুতররবিক্রিয়াবিশিষ্টশরীরজ্ঞানাৎ, অপরত্বোৎপত্তিশ্চ স্বল্পতররবিক্রিয়াবিশিষ্টশরীরজ্ঞানাৎ; তৎ পরত্বং জ্যেষ্ঠত্বম্, অপরত্বং কনিষ্ঠত্বম্; তদনুমানং যথা—পরত্বজনকং বহুতররবিক্রিয়াবিশিষ্টশরীর-জ্ঞানমিদং পরম্পরাসম্বন্ধঘটকসাপেক্ষং, সাক্ষাৎসম্বন্ধাভাবে সতি বিশিষ্ট-

সেই কালের অনুমান যথা,—

পরত্ব-জনক বহুতর-রবিক্রিয়া-বিশিষ্ট শরীরের
জ্ঞানটী পরম্পরা-সম্বন্ধ-ঘটক-সাপেক্ষ। (প্রতিজ্ঞা)

যেহেতু, সাক্ষাৎসম্বন্ধের অভাব ও বিশিষ্ট-জ্ঞানত্ব
তাহাতে আছে ... (হেতু)

যেমন লোহিত, স্ফটিক ইত্যাদি জ্ঞান (উদাহরণ)

এস্থলে ঐ পরম্পরা-সম্বন্ধটী স্বসমবায়ি-সংযুক্ত-সংযোগ, এইজন্য এতদ্দ্বারা সম্বন্ধ-ঘটক কাল সিদ্ধ হইল।

যদি বল, কালটী, ভূত-ভবিষ্যৎ-বর্ত্তমানভেদে বহুবিধ বলিয়া কি করিয়া এক হইল? তাহা হইলে বলিতে হইবে—উপাধি-ভেদে উহার ভেদের জ্ঞান হয়। কালের উপাধি যে রবিক্রিয়াদি, তাহা বিভিন্নই হয়। ১০

ঐরূপ দৈশিক পরত্ব এবং অপরত্ব দ্বারা দিক্ সিদ্ধ হয়। এই পরত্ব এবং অপরত্বের অর্থ—দূরত্ব এবং সমীপত্ব।

ঐ "দিকের" জন্য অনুমান, যথা—

জ্ঞানত্বাৎ, লোহিতঃ স্ফটিক ইতি প্রত্যয়বৎ, পরম্পরাসম্বন্ধশ্চ স্বসমবায়ি-সংযুক্তসংযোগঃ, তেন সম্বন্ধঘটকঃ কাল সিধ্যতি। নন্ু কালস্য ভূত-ভবিষ্যদ্‌বর্ত্তমানভেদেন বহুত্বাৎ কুত একত্বমিতি চেৎ? ন, উপাধিভেদেন ভেদপ্রত্যয়াৎ কালোপাধয়ো রবিক্রিয়াদিরূপা ভিন্না এব। ১০

এবং দৈশিকপরত্বাপরত্বাভ্যাং দিশঃ সিদ্ধিঃ; তে চ দূরত্বসমীপত্বে। অবধিসাপেক্ষবহুতরসংযোগবিশিষ্টশরীরজ্ঞানমিদং পরত্বজনকং পরম্পরা-সম্বন্ধঘটকসাপেক্ষম্ ইত্যাদিপূর্ব্ববৎ; তেন চ দিশঃ-সিদ্ধিঃ। ন চ আকাশম্

পরত্ব-জনক অবধি-সাপেক্ষ বহুতর-সংযোগ-বিশিষ্ট

শরীর-জ্ঞানটী—পরম্পরা-সম্বন্ধ-ঘটক-সাপেক্ষ (প্রতিজ্ঞা)

অবশিষ্ট কথা কালানুমানের ন্যায় বুঝিতে হইবে। এতদ্দ্বারা দিক্ সিদ্ধ হইল।

যদি বল, আকাশই কেন এই সম্বন্ধ-ঘটক হউক না? তাহা হইলে বলিতে হইবে, তাহার শব্দাশ্রয়ত্বদ্বারাই ধর্ম্মিগ্রাহকপ্রমাণ সিদ্ধ হয় বলিয়া রবিক্রিয়াদি-উপনায়কত্বের সম্ভাবনা নাই। ১১

আত্মার প্রমাণ যথা,—

"আমি সুখী" এই প্রকার প্রত্যক্ষই আত্মার প্রমাণ।

ঈশ্বরের জন্য অনুমান, যথা—

দ্ব্যণুকাদি-ক্ষিতি—সকর্তৃকা	...	(প্রতিজ্ঞা)
যেহেতু, তাহাতে কার্য্যত্ব আছে	...	(হেতু)
যেমন—ঘট ...	...	(উদাহরণ)

এতদ্দ্বারা, ঈশ্বর, ঈশ্বরের নিত্যজ্ঞান, ইচ্ছা, যত্ন, এবং সর্ব্বজ্ঞত্ব সিদ্ধ হইল।

মনের প্রমাণ যথা,—

সুখাদিপ্রত্যক্ষ—ইন্দ্রিয়-জন্য ... (প্রতিজ্ঞা)

এব সম্বন্ধঘটকম্ অস্তামিতি বাচ্যম্, তস্য শব্দাশ্রয়ত্বেনৈব ধর্ম্মিগ্রাহকপ্রমাণসিদ্ধত্বাৎ ন রবিক্রিয়াদ্যুপনায়কত্বসম্ভবঃ। ১১

"অহং সুখী" ইত্যাদি প্রত্যক্ষম্ আত্মনি প্রমাণম্। ঈশ্বরে চানুমানং, যথা—ক্ষিতিঃ সকর্তৃকা, কার্য্যত্বাৎ, ঘটবৎ। তেন ঈশ্বরস্য তদ্বৃত্তিনিত্যজ্ঞানেচ্ছাকৃতীনাং তৎসার্বজ্ঞ্যস্য চ সিদ্ধিঃ। মনসি প্রমাণং যথা, সুখাদি-

যেহেতু তাহাতে জন্য-প্রত্যক্ষত্ব আছে (হেতু)
যেমন—ঘট-প্রত্যক্ষ ... (উদাহরণ)

ইহা অন্য ইন্দ্রিয়ের দ্বারা সম্ভব হয় না বলিয়া মনের সিদ্ধি হয়। ১২

দ্রব্যনাশ-প্রক্রিয়া যথা—, দ্রব্যনাশ দ্বিবিধ। ইহা কোথাও অসমবায়ি-কারণ-নাশ-বশতঃ ঘটে, এবং কোথাও সমবায়ি-কারণ-নাশবশতঃ হয়। তন্মধ্যে—

প্রথমটীর দৃষ্টান্ত, যথা—পরমাণুদ্বয়ের সংযোগ-নাশবশতঃ দ্ব্যণূকের নাশ হয়। এবং—

দ্বিতীয়টীর দৃষ্টান্ত, যথা—কাপল-নাশ-বশতঃ ঘটের নাশ হয়। অবশ্য, ঘটের নাশ উভয় প্রকারেই ঘটিয়া থাকে। ১৩

আকাশ, কাল, দিক্, আত্মা ও পরমাণুগুলি অবৃত্তি পদার্থ, অর্থাৎ ইহারা কোথায়ও থাকে না। সমবায়ও অবৃত্তি পদার্থ।

পৃথিবী, অপ্, তেজ, মরুৎ ও ব্যোমকে ভূত বলা হয়।

পৃথিবী, অপ্, তেজ, মরুৎ ও মন ইহারা ক্রিয়াবান্ ও মূর্ত্ত।

প্রত্যক্ষম্ ইন্দ্রিয়জন্যং, জন্যপ্রত্যক্ষত্বাৎ, ঘটপ্রত্যক্ষবৎ, তথা চ ইন্দ্রিয়ান্তর-বাধে মনসঃ সিদ্ধিঃ। ১২

অথ দ্রব্যনাশপ্রক্রিয়া। দ্রব্যনাশো দ্বিবিধঃ,—ক্বচিৎ অসমবায়িকারণ-নাশাৎ, ক্বচিৎ সমবায়িকারণনাশাচ্চ। তত্র আদ্যো যথা পরমাণুদ্বয়-সংযোগনাশাদ্ দ্ব্যণুকনাশঃ, দ্বিতীয়ো যথা, কপালনাশাদ্ ঘটনাশঃ, ঘটনাশঃ উভয়তঃ সম্ভবতি। ১৩

আকাশকালদিগাত্মপরমাণবঃ অবৃত্তয়ঃ, সমবায়শ্চ। পৃথিব্যাদি-পঞ্চানাং ভূতত্বং, পৃথিবীজলতেজোবায়ুমনসাং ক্রিয়াবত্ত্বমূর্ত্তত্বে। পৃথিব্যপ্তে-

পৃথিবী, অপ্, তেজ, বায়ু ইহারাই দ্রব্যের সমবায়িকারণ হয়।

কাল, কালিক-সম্বন্ধে সকলের অধিকরণ হয়।

দিক্, দৈশিক-সম্বন্ধে সকলের অধিকরণ হয়।

ইতি দ্রব্যনিরূপণ। ১৪

দ্বিতীয় পদার্থ—গুণ-নিরূপণ।

এইবার গুণের বিষয় আলোচ্য। ১ রূপ, ২ রস, ৩ গন্ধ, ৪ স্পর্শ, ৫ সংখ্যা, ৬ পরিমাণ, ৭ পৃথক্ত্ব, ৮ সংযোগ, ৯ বিভাগ, ১০ পরত্ব, ১১ অপরত্ব, ১২ বুদ্ধি, ১৩ সুখ, ১৪ দুঃখ, ১৫ ইচ্ছা, ১৬ দ্বেষ, ১৭ প্রযত্ন, ১৮ গুরুত্ব, ১৯ দ্রবত্ব, ২০ স্নেহ, ২১ সংস্কার, ২২ ধর্ম্ম, ২৩ অধর্ম্ম ও ২৪ শব্দ—এই চতুর্ব্বিংশতিটী গুণ।

ইহাদের রূপত্ব, রসত্ব, প্রভৃতিগুলি সবই জাতি।

রূপটী পৃথিবী, জল ও তেজে থাকে। তন্মধ্যে—

পৃথিবীতে সকল রূপই থাকে। তাহা শুক্ল-কৃষ্ণ-রক্ত-পীত-হরিত-কপিশ ও চিত্রাদিভেদে সপ্তবিধ। যাহা জলে থাকে,

জোবায়বো দ্রব্যসমবায়িকারণানি। কালস্থ কালিকসম্বন্ধেন সর্ব্বাধিকরণত্বম্। দিশো দৈশিকসম্বন্ধেন সর্ব্বাধিকরণত্বম্। ইতি দ্রব্যনিরূপম্। ১৪

অথ গুণাঃ কথ্যন্তে,—রূপ-রস-গন্ধ-স্পর্শ-সংখ্যা-পরিমাণ-পৃথক্ত্ব-সংযোগবিভাগ-পরত্বাপরত্ব-বুদ্ধি-সুখ-দুঃখেচ্ছা--দ্বেষ-প্রযত্ন-গুরুত্ব-দ্রবত্ব-স্নেহ-সংস্কার-ধর্ম্মাধর্ম্ম-শব্দাঃ চতুর্বিংশতির্গুণাঃ। অত্র রূপত্বাদীনি সর্ব্বাণ্যেব জাতয়ঃ। রূপং পৃথিবীজলতেজোবৃত্তি, তচ্চ শুক্লকৃষ্ণরক্তপীতচিত্রাদিভেদেন বহুবিধং পৃথিবীবৃত্তি; অভাস্বরশুক্লরূপং জলবৃত্তি। শুক্লভাস্বরং তেজোবৃত্তি।

তাহা অভাস্বর-শুক্ল এবং যাহা তেজে থাকে, তাহা ভাস্বর-শুক্ল-অর্থাৎ স্বচ্ছশুক্ল রূপ।

রসটী পৃথিবী ও জলে থাকে। তন্মধ্যে—

পৃথিবীতে যে রস থাকে, তাহা মধুর, লবণ, কটু, তিক্ত, অম্ল ও কষায়ভেদে ছয় প্রকার। যাহা জলে থাকে, তাহা মধুরই হয়।

গন্ধটী পৃথিবীতেই থাকে। ইহা দ্বিবিধ। যথা,—সুরভি ও অসুরভি, অর্থাৎ সুগন্ধ ও দুর্গন্ধ।

স্পর্শ টী পৃথিবী, অপ্, তেজ ও বায়ুতে থাকে।

উহা ত্রিবিধ। যথা,—শীত, উষ্ণ এবং অনুষ্ণাশীত। অনুষ্ণাশীত-স্পর্শ বায়ুতে ও পৃথিবীতে থাকে। শীতস্পর্শগুণ জলে থাকে, উষ্ণস্পর্শগুণ তেজে থাকে। ১৫

সংখ্যা, পরিমাণ, পৃথক্ত্ব, সংযোগ, বিভাগ—এই কয়টী দ্রব্যে থাকে।

পরত্ব এবং অপরত্ব—ইহারা পৃথিবী, জল, তেজ, বায়ু ও মনে থাকে।

রসঃ পৃথিবীজলবৃত্তিঃ, তত্র মধুরলবণকটুতিক্তাম্লকষায়ভেদাৎ ষড়্বিধো রসঃ পৃথিব্যাম্। জলে মধুর এব রসঃ। গন্ধো দ্বিবিধঃ,—সুরভিরসুরভিশ্চ, পৃথিবীমাত্রবৃত্তিঃ। স্পর্শঃ পৃথিব্যাদিচতুষ্টয়বৃত্তিঃ। স চ ত্রিবিধঃ—শীতঃ উষ্ণশ্চ অনুষ্ণাশীতশ্চ। অনুষ্ণাশীতস্পর্শো বায়ুপৃথিব্যোঃ, জলে শীতঃ, তেজসি উষ্ণঃ। ১৫

সংখ্যাপরিমাণপৃথক্ত্বসংযোগবিভাগা নব দ্রব্যবৃত্তয়ঃ। পরত্বাপরত্বে

বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, প্রযত্ন, ভাবনাখ্য-সংস্কার *, ধর্ম্ম এবং অধর্ম্ম অর্থাৎ শুভাদৃষ্ট ও দুরদৃষ্ট—ইহারা আত্মাতে থাকে।

গুরুত্ব—পৃথিবী ও জলে থাকে।

দ্রবত্ব—পৃথিবী, জল ও তেজে থাকে।

ইহা আবার দ্বিবিধ, যথা,—নৈমিত্তিক ও সাংসিদ্ধিক। তন্মধ্যে—

নৈমিত্তিক দ্রবত্ব—পৃথিবী ও তেজে থাকে, এবং সাংসিদ্ধিক দ্রবত্ব জলে থাকে। স্নেহ—কেবল জলেই থাকে।

সংস্কার—পৃথিবী, জল, তেজঃ, বায়ু, আত্মা ও মনে থাকে।

ইহা ত্রিবিধ যথা,—বেগ, ভাবনা ও স্থিতি-স্থাপক। তন্মধ্যে—

বেগটী—পৃথিবী, জল, তেজঃ, বায়ু এবং মনে থাকে, ভাবনাটী আত্মাতে থাকে, এবং স্থিতিস্থাপকটী পৃথিবী, জল, তেজ ও বায়ুতে থাকে।

শব্দ—আকাশে থাকে। ১৬

পৃথিবীজলতেজোবায়ুমনোবৃত্তিনী। বুদ্ধিসুখদুঃখেচ্ছাদ্বেষপ্রযত্নভাবনাধর্ম্মাধর্ম্মা আত্মবৃত্তয়ঃ। গুরুত্বং পৃথিবীজলবৃত্তি। দ্রবত্বং পৃথিবীজলতেজোবৃত্তি; তদ্ দ্বিবিধং, নৈমিত্তিকং সাংসিদ্ধিকং চ, আদ্যং পৃথিবীতেজসোঃ, দ্বিতীয়ং জলে। স্নেহো জলমাত্রবৃত্তিঃ। সংস্কারঃ পৃথিবীজলতেজোবায়্বাত্মমনোবৃত্তিঃ। স ত্রিবিধঃ,—বেগো, ভাবনা স্থিতিস্থাপকশ্চ। তত্র বেগঃ পৃথিব্যাদিচতুষ্টয়মনোবৃত্তিঃ। দ্বিতীয় আত্মবৃত্তিঃ; তৃতীয়ঃ পৃথিব্যাদিচতুষ্টয়বৃত্তিঃ। শব্দো দ্বিবিধঃ,—ধ্বন্যাত্মকঃ বর্ণাত্মকশ্চ, আকাশমাত্রবৃত্তিঃ। ১৬

---

* সংস্কারের বিশেষ পরিচয় ২৯ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

ইহা দ্বিবিধ, যথা,—ধ্বন্যাত্মক এবং বর্ণাত্মক।

বিশেষ গুণ, যথা—রূপ, রস, গন্ধ, স্পর্শ, স্নেহ, সাংসিদ্ধিক-দ্রবত্ব, শব্দ, বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, প্রযত্ন, ধর্ম্ম, অধর্ম্ম ও ভাবনা।

সামান্য গুণ, যথা—সংখ্যা, পরিমাণ, পৃথক্‌ত্ব, সংযোগ, বিভাগ, গুরুত্ব, নৈমিত্তিক-দ্রবত্ব, বেগ ও স্থিতিস্থাপক। ১৭

নিত্যগুণ, যথা—জল, তেজ ও বায়ুর পরমাণুবৃত্তি বিশেষ-গুণ; এবং পরমাণুবৃত্তি-স্থিতিস্থাপক; এবং বিভু ও পরমাণুর—একত্ব, পরিমাণ ও পৃথক্‌ত্ব; এবং ঈশ্বরের ইচ্ছা, জ্ঞান ও কৃতি।

[জলের বিশেষগুণ = রূপ, রস, স্নেহ স্পর্শ, এবং সাংসিদ্ধিক দ্রবত্ব।
তেজের বিশেষ গুণ = রূপ, স্পর্শ, সাংসিদ্ধিক দ্রবত্ব।
বায়ুর বিশেষ গুণ—স্পর্শ।]

অপ্রত্যক্ষ গুণ, যথা—(১) গুরুত্ব, ধর্ম্ম, অধর্ম্ম, ভাবনা, স্থিতিস্থাপক, (২) পরমাণু ও দ্ব্যণুক-বৃত্তিগুণ, (৩) অতীন্দ্রিয়-বৃত্তি সামান্যগুণ, ও (৪) ত্রসরেণুর রূপ ভিন্ন অন্য অতীন্দ্রিয় গুণ।

প্রত্যক্ষগুণ—অবশিষ্ট গুলি। ১৮

রূপরসগন্ধস্পর্শস্নেহসাংসিদ্ধিকদ্রবত্বশব্দবুদ্ধিসুখদুঃখেচ্ছাদ্বেষপ্রযত্নধর্ম্মা-ধর্ম্মভাবনা বিশেষগুণাঃ। সংখ্যাপরিমাণপৃথক্‌ত্বসংযোগবিভাগগুরুত্ব-নৈমিত্তিকদ্রবত্ববেগস্থিতিস্থাপকাঃ সামান্যগুণাঃ। ১৭

অথ নিত্যগুণাঃ,—জলতেজোবায়ুপরমাণূনাং বিশেষগুণাঃ, পরমাণু-বৃত্তিস্থিতিস্থাপকশ্চ; বিভূনাং পরমাণূনাং চ একত্বপরিমাণপৃথক্‌ত্বানি, ঈশ্বরেচ্ছাজ্ঞানকৃতয়শ্চ নিত্যগুণাঃ। অথ অপ্রত্যক্ষগুণাঃ—গুরুত্বধর্ম্মাধর্ম্ম-ভাবনাস্থিতিস্থাপকাঃ, পরমাণুদ্ব্যণুকবৃত্তিগুণাঃ; অতীন্দ্রিয়বৃত্তিসামান্য-গুণাঃ, ত্রসরেণোঃ রূপং বিহায় অন্যে গুণাঃ অতীন্দ্রিয়াঃ। ১৮

রূপ, রস, গন্ধ, স্পর্শ ও স্নেহের প্রত্যক্ষে মহদ্‌বৃত্তিত্ব এবং উদ্ভূতত্বই প্রয়োজক হয়।

সামান্য-গুণ-প্রত্যক্ষের প্রতি আশ্রয়-প্রত্যক্ষই প্রযোজক।

বুদ্ধি-প্রত্যক্ষের প্রতি স্ববৃত্তিবিশিষ্ট জ্ঞানত্বই প্রযোজক।

সুখাদি-প্রত্যক্ষের প্রতি স্ববৃত্তি সুখত্বাদিই প্রযোজক।

শব্দ, যাহা অন্ত্য এবং আদ্য নহে, তাহারা সবই প্রত্যক্ষ। ১৯

গুণোৎপত্তি-প্রক্রিয়া যথা—অবয়ববৃত্তি বিশেষগুণগুলি অবয়বীতে নিজ সমানজাতীয় গুণগুলি উৎপন্ন করে।

পৃথিবীর বিশেষগুণগুলি পাকজ। উহারা আবার দ্বিবিধ, যথা—পাক-প্রযোজ্য এবং পাকজন্য। পাক-প্রযোজ্য অর্থ—কারণ-গুণ-প্রক্রম-জন্য, পাকজন্য অর্থ—অগ্নি-সংযোগ-জন্য।

নৈয়ায়িক বলেন—শ্যামঘটে অগ্নি-সংযোগ-বশতঃ শ্যামরূপ-নাশের পর ঘটে রক্তরূপ উৎপন্ন হয়। বৈশেষিক বলেন—অগ্নি-সংযোগ-বশতঃ পরমাণূতে পাকক্রিয়া হইলে পরমাণুতে

রূপরসগন্ধস্পর্শস্নেহপ্রত্যক্ষে মহদ্‌বৃত্তিত্বে সতি উদ্ভূতত্বং প্রয়োজকম্। সামান্যগুণপ্রত্যক্ষে তু আশ্রয়প্রত্যক্ষং, বুদ্ধিপ্রত্যক্ষে স্ববৃত্তিবিশিষ্টজ্ঞানত্বং সুখাদিপ্রত্যক্ষে স্ববৃত্তিসুখত্বাদিকমেব। অন্ত্যাদ্যশব্দৌ বিহায় সর্বঃ শব্দঃ প্রত্যক্ষঃ। ১৯

অথ গুণোৎপত্তিপ্রক্রিয়া,—অবয়ববৃত্তিবিশেষগুণাঃ অবয়বিনি স্বসমানজাতীয়গুণান্ আরভন্তে। পৃথিবীবিশেষগুণাঃ পাকজাঃ, তে দ্বিবিধাঃ,—পাকপ্রয়োজ্যাঃ পাকজন্যাশ্চ, কারণগুণপ্রক্রমজন্যাঃ পাকপ্রযোজ্যাঃ, অগ্নিসংযোগজন্যাঃ দ্বিতীয়াঃ, "শ্যামঘটে অগ্নিসংযোগেন

রক্তরূপ উৎপন্ন হয়, তৎপরে ঘট উৎপন্ন হইলে কারণ-গুণানুসারে ঘটে রক্তরূপ জন্মে।

চিত্ররূপ, অর্থ—কপালদ্বয়ের একটী যদি নীল হয়, এবং একটী যদি পীত হয়, তাহা হইলে ঘটের যে রূপ, তাহাকে চিত্র-রূপ বলা হয়। অর্থাৎ নানা রূপকেই চিত্র বলে।

রসাদিতে—এরূপ ভাবে অবয়বীতে রস জন্মে না বলিয়া "চিত্ররস" স্বীকার করা হয় না।

গুরুত্ব এবং স্থিতিস্থাপকের উৎপত্তি কারণ-গুণানুসারে হয়।

দ্বিত্বাদি সংখ্যা, অপেক্ষা-বুদ্ধি হইতে জন্মে।

পরিমাণ চারি প্রকার, যথা,—অণু, মহৎ, হ্রস্ব, এবং দীর্ঘ।

কারণ-গুণানুসারে স্বাবয়বের বহুত্বই, মহত্ত্বের জনক হয়। যথা—ত্রসরেণু। অবয়বের শিথিল-সংযোগ এবং বৃদ্ধিও উহার জনক হয়। যেমন, তুলার পরিমাণ, ইত্যাদি। ২০

শ্যামরূপনাশানন্তরং ঘটে রক্তং রূপমুৎপদ্যতে" ইতি নৈয়ায়িকমতম্। "অগ্নিসংযোগেন পরমাণৌ পাকে সতি পরমাণুষু রক্তরূপমুৎপদ্যতে পুনর্ঘটোৎপত্তৌ সত্যাং কারণগুণপ্রক্রমেণ ঘটে রক্তরূপমুৎপদ্যতে" ইতি বৈশেষিকমতম্। কপালং নীলমেকম্, একং চ পীতং যদি, তদা ঘটে চিত্ররূপমুৎপদ্যতে। রসাদাবেবং সতি অবয়বিনি রসো ন জায়তে, চিত্ররসাদ্যস্বীকারাৎ। গুরুত্বস্থিতিস্থাপকয়োশ্চ কারণগুণপ্রক্রমজন্যতা। দ্বিত্বাদয়োঽপেক্ষাবুদ্ধিজন্যাঃ। পরিমাণং চতুর্বিধম্—অণু, মহৎ, হ্রস্বং, দীর্ঘং চ। কারণগুণপ্রক্রমজন্যং স্বাবয়ববহুত্বং মহত্বজনকং, যথা ত্রসরেণূনাম্; অবয়বানাং শিথিলঃ সংযোগঃ প্রচয়োঽপি তজ্জনকঃ, যথা তুলস্য পরিমাণম্। ২০

পৃথক্ত্বটী কারণ-গুণানুসারে জন্মে।

পৃথক্ত্বে প্রমাণ কি? যদি বল; 'ঘট হইতে পট পৃথক্' এই প্রত্যয়ে অন্যোন্যাভাবকেই বিষয় করে; তাহা হইলে বলিব—না, তাহা নহে। কারণ, অন্যোন্যাভাববিষয়ক প্রতীতিতে প্রতিযোগী (অর্থাৎ যাহার অভাব) এবং অনুযোগী (অর্থাৎ যাহাতে অভাব থাকে) তাহাদের এক-বিভক্তি থাকা আবশ্যক হয়। যেমন, ঘট—পট নয়, ইত্যাদি। অন্যোন্যাভাবকে পৃথক্ত্ব বলিলে 'ঘট হইতে পট নয়' এইরূপ প্রয়োগও সাধু হইত; কিন্তু, তাহা তো হয় না। আচ্ছা, তাহা হইলে 'ঘট হইতে পট অন্য' এস্থলে ঘট ও পটে সমান-বিভক্তি না থাকায় কি করিয়া অন্যোন্যাভাবের প্রতীতি হয়? তাহা হইলে বলিব—না, "অন্য" শব্দে পৃথক্ত্বই এখানে বুঝায়, ইহা অন্যোন্যাভাববোধক নহে। ২১

সংযোগ ত্রিবিধ, যথা—অন্যতর-কর্ম্মজ, উভয়-কর্ম্মজ এবং সংযোগজ। প্রথম, যথা—মনের কর্ম্মদ্বারা আত্ম-মনের সংযোগ।

পৃথক্ত্বং কারণগুণপ্রক্রমজন্যম্। ননু তত্র কিং প্রমাণম্। ঘটাৎ পটঃ পৃথগিতি প্রত্যক্ষং, তস্য অন্যোন্যাভাববিষয়কত্বমিতি চেৎ? ন। অন্যোন্যাভাবপ্রত্যয়ে প্রতিযোগ্যনুযোগিনোঃ সমানবিভক্তিকত্বনিয়মাৎ, যথা—ঘটো ন পট ইতি। অন্যোন্যাভাবস্য পৃথক্ত্বরূপত্বে ঘটাৎ পটো ন—ইত্যপি প্রয়োগাপত্তেঃ। ন চৈবং 'ঘটাদন্যঃ পট' ইত্যত্র কথমন্যোন্যাভাব-প্রতীতিরিতি বাচ্যম্, অন্যত্বস্যাপি পৃথক্ত্বরূপত্বাৎ। ২১

সংযোগস্ত্রিবিধঃ—অন্যতরকর্ম্মজঃ উভয়কর্ম্মজঃ, সংযোগজশ্চ, আদ্যো যথা, মনঃ কর্ম্মণা আত্মমনসোঃ সংযোগঃ। দ্বিতীয়ো যথা মেষয়োঃ

দ্বিতীয়, যথা—মেষদ্বয়ের গমনজন্য উভয়ের সংযোগ। তৃতীয়, যথা—কারণ এবং অকারণ-সংযোগবশতঃ কার্য্য এবং অকার্য্যের সংযোগ। যেমন দেহের অবয়ব যে হস্ত, সেই হস্ত আর তরু সংযুক্ত হইলে দেহ ও তরুর সংযোগ হয়। ২২

বিভাগও ত্রিবিধ, যথা—অন্যতর-কর্ম্মজ, উভয়-কর্ম্মজ, এবং বিভাগজ। প্রথম, যথা—কেবল মনের কর্ম্ম দ্বারা আত্ম-মনের বিভাগ। দ্বিতীয়, যথা—মেষদ্বয়ের কর্ম্মজন্য তাহাদের বিভাগ। বিভাগজ বিভাগ আবার দ্বিবিধ, যথা—কারণ-মাত্র-বিভাগজ। এবং কারণাকারণ-বিভাগজ। প্রথম, যথা—কপাল-কর্ম্মদ্বারা কপালদ্বয়ের বিভাগ, তৎপরে কপালদ্বয়ের সংযোগ-নাশ, তাহার পর ঘটনাশ, তাহার পর কপালের আকাশাদি দেশ হইতে বিভাগজ বিভাগ হয়।

আর বিভাগটী নিজ উৎপত্তির পরই বিভাগজ বিভাগকে উৎপাদন করুক—ইহা বলিতে পারা যায় না। কারণ, তাহা

কর্মণা তয়ো সংযোগঃ। তৃতীয়ো যথা কারণাকারণসংযোগাৎ কার্য্যা-কার্য্যসংযোগঃ, যথা হস্ততরুসংযোগাৎ কায়তরুসংযোগঃ। ২২

বিভাগোঽপি ত্রিবিধঃ,—অন্যতরকর্মজঃ, উভয়কর্মজঃ, বিভাগজশ্চ। আদ্যো যথা, মনঃকর্মণা আত্মনা মনসো বিভাগঃ। দ্বিতীয়ো যথা মেষয়োঃ কর্মণা তয়োঃ বিভাগঃ। বিভাগজবিভাগো দ্বিবিধঃ ; কারণমাত্রবিভাগজঃ, কারণাকারণবিভাগশ্চ। আদ্যো যথা, কপালকর্মণা কপালদ্বয়বিভাগঃ, ততঃ কপালদ্বয়সংযোগনাশঃ, ততো ঘটনাশঃ, ততঃ কপালস্য আকাশাদি-দেশাৎ বিভাগজো বিভাগঃ। ন চ বিভাগঃ স্বোৎপত্ত্যনন্তরমেব বিভাগজ-

দ্রব্যনাশ-সহকারেই তাহার জনক হয়। সেস্থানে দ্রব্যের প্রতিবন্ধকত্ববশতঃ দ্রব্য থাকায় তাহা অসম্ভব হয়।

আর কর্ম্মই এককালে কপালদ্বয়ের বিভাগ এবং আকাশ-কপালবিভাগকে উৎপাদন করুক—যদি বলা যায়, তাহাও হয় না। কারণ, যাহা দ্রব্যের "অনারম্ভক-সংযোগের বিরোধী বিভাগকে উৎপাদন করে, তাহা দ্রব্যারম্ভক-সংযোগের" বিরোধী নহে। তাহা না হইলে প্রস্ফুটিত কমলকুট্টলদলের কর্ম্মে অতিব্যাপ্তি হয়।

আচ্ছা, তাহা হইলে সংযোগেও এইরূপ ঘটুক—এরূপও বলিতে পারা যায় না। কারণ, তথায় বিরোধ নাই।

দ্বিতীয় প্রকারটী, কিন্তু, কারণ ও অকারণের বিভাগবশতঃ কার্য্য এবং অকার্য্যের বিভাগ। যেমন—কর-তরু-বিভাগ-বশতঃ কায়তরুর বিভাগ হয়।

পরত্ব ও অপরত্বোৎপত্তি—কাল-প্রকরণেই উক্ত হইয়াছে। ২৩

বিভাগং জনয়তু ইতি বাচ্যম্, দ্রব্যনাশসহকৃতস্যৈব তস্য তজ্জনকত্বাৎ, তত্র দ্রব্যস্য প্রতিবন্ধকত্বেন সতি দ্রব্যে তদসম্ভবাৎ। ন চ কর্ম্মৈব একদা কপালদ্বয়বিভাগম্ আকাশকপালবিভাগং চ জনয়তু ইতি বাচ্যম্। যদ্ দ্রব্যানারম্ভকসংযোগবিরোধিনং বিভাগম্ আরভতে ন তৎ দ্রব্যারম্ভক-সংযোগবিরোধিনম্, অন্যথা* বিকসৎকমলকুট্টলদলকর্ম্মণি অতিব্যাপ্তিঃ। ন চ সংযোগেঽপি এবমস্তু, তত্র অবিরোধাৎ। দ্বিতীয়স্তু কারণাকারণ-বিভাগাৎ কার্য্যাকার্য্যবিভাগঃ, যথা করতরুবিভাগাৎ কায়তরুবিভাগঃ। পরত্বাপরত্বোৎপত্তিঃ কালপ্রকরণে উক্তা। ২৩

বুদ্ধি অর্থাৎ জ্ঞান। তাহা দ্বিবিধ, যথা—স্মরণ এবং অনুভব।

স্মরণ আবার দ্বিবিধ, যথা—যথার্থ (প্রমা) এবং অযথার্থ (ভ্রম্)। তদ্বিশিষ্টে তৎপ্রকারক জ্ঞানই যথার্থজ্ঞান, এবং তদ্বিশিষ্ট যাহা নহে, তাহাতে তৎপ্রকারক জ্ঞান অযথার্থ জ্ঞান।

পূর্ব্বানুভব-জন্য সংস্কারদ্বারা স্মরণ জন্মে। তন্মধ্যে পূর্ব্বানুভবের যথার্থত্ব এবং অযথার্থত্বদ্বারা স্মরণও উভয়রূপ হয়।

অনুভবও দ্বিবিধ, যথা—প্রমা অর্থাৎ যথার্থ, এবং অযথার্থ অর্থাৎ ভ্রম। তন্মধ্যে—

প্রমা চারি প্রকার। তাহা পৃথগ্ ভাবে পরে কথিত হইবে। অযথার্থজ্ঞানও চারি প্রকার, যথা—বিপর্য্যয়, স্বপ্ন, এবং অনধ্যবসায়।

সংশয়, যথা—সমান-ধর্ম্ম-বিশিষ্ট ধর্ম্মীর জ্ঞান-বিশেষের অদর্শনে কোটিদ্বয়ের স্মরণের দ্বারা "এইটী স্থাণু কিংবা পুরুষ" এইরূপ যে জ্ঞান জন্মে, তাহাই সংশয়।

বিপর্য্যয়—সমান-ধর্ম্ম-বিশিষ্ট ধর্ম্মীর জ্ঞান-বিশেষের অদর্শন-

বুদ্ধিঃ জ্ঞানং, তদ্ দ্বিবিধং,—স্মরণম্ অনুভবশ্চ। স্মরণমপি দ্বিবিধং—যথার্থম্ অযথার্থঞ্চ। তদ্বতি তৎপ্রকারকত্বং যথার্থত্বম্। তদভাববতি তৎপ্রকারকত্বম্ অযথার্থত্বম্ পূর্ব্বানুভবঃ সংস্কারদ্বারা স্মরণং জনয়তি, তত্র পূর্ব্বানুভবস্য যথার্থত্বাযথার্থত্বাভ্যাং স্মরণমপি উভয়রূপং ভবতি। অনুভবো দ্বিবিধঃ—প্রমা অযথার্থশ্চ। তত্র প্রমা চতুর্বিধা, সা বক্ষ্যতে। অযথার্থজ্ঞানং চতুর্বিধং,—সংশয়ো বিপর্য্যয়ঃ স্বপ্নোঽনধ্যবসায়শ্চেতি। সংশয়ো যথা—সমানধর্ম্মবদ্‌ধর্মিজ্ঞানবিশেষাদর্শনকোটিদ্বয়স্মরণৈঃ অয়ং

বশতঃ এক কোটির স্মরণদ্বারা শুক্তিতে "ইহা রজত" এইরূপ যে জ্ঞান জন্মে, তাহাই বিপর্য্যয়। তন্মধ্যে—

গুরুমতে "ইদং" অর্থাৎ 'এই প্রকার' ইহা অনুভবাত্মক জ্ঞান, এবং এইটী "রজত" ইহা স্মরণাত্মক জ্ঞান। অতএব বিপর্য্যয়স্থলে গ্রহণ ও স্মরণাত্মক জ্ঞানদ্বয় জন্মিয়া থাকে। ইহা রজতত্ব-বিশিষ্ট জ্ঞান নহে। কারণ, অন্যের অন্য প্রকার ভান হইবার সামগ্রী থাকে না? আর এস্থলে প্রবৃত্তির কারণ—স্বতন্ত্র-ভাবে উপস্থিত ইষ্টভেদজ্ঞানের অভাব।

কিন্তু নৈয়ায়িকমতে উক্ত প্রবৃত্তির কারণ—বিশিষ্ট জ্ঞান; আর তজ্জন্যই ভ্রম সিদ্ধ হয়।

স্বপ্ন—অনুভূত পদার্থ স্মরণদ্বারা অদৃষ্ট এবং ধাতু-দোষবশতঃ উৎপন্ন হয়।

অনধ্যবসায়—"ইহা কিছু" এইরূপ জ্ঞানটী যখন বিশেষের অদর্শন-জন্য হয়, তখন তাহা অনধ্যবসায় পদবাচ্য হয়।

স্থাণু বা পুরুষো বা ইতি জ্ঞানং জন্যতে, স এব সংশয়ঃ। বিপর্য্যয়স্তু সমানধর্মবদ্‌ধর্মিজ্ঞানবিশেষাদর্শনৈককোটিস্মরণৈঃ শুক্তৌ ইদং রজতমিতি জ্ঞানং জন্যতে। তত্র গুরুমতে ইদম্ ইত্যনুভবাত্মকং জ্ঞানং, রজতমিতি স্মরণাত্মকং, তেন গ্রহণস্মরণাত্মকং জ্ঞানদ্বয়ং, ন তু রজতত্ব-বিশিষ্টজ্ঞানমিদম্, অন্যস্য অন্যথাভানসামগ্র্যভাবাৎ। প্রবৃত্তিশ্চ স্বতন্ত্রো-পস্থিতেষ্টভেদাগ্রহাৎ। নৈয়ায়িকমতে প্রবর্ত্তকং বিশিষ্টজ্ঞানং তেন ভ্রমঃ সিধ্যতি। স্বপ্নস্তু অনুভূতপদার্থস্মরণৈঃ অদৃষ্টেন ধাতুদোষেণ চ জন্যতে। অনধ্যবসায়শ্চ কিঞ্চিদিতি জ্ঞানং বিশেষাদর্শনাদ্ ভবতি। অত্র, 'যদি অয়ং

তর্ক—"যদি ইহা নির্ব্বহ্নি হইত, তাহা হইলে নির্ধূম হইত" এইরূপ জ্ঞান। ইহা বিপর্য্যয়ের অন্তর্ভুক্ত বলিয়া বুঝিতে হইবে। কিন্তু, নৈয়ায়িকমতে স্বপ্ন ও অনধ্যবসায়কে বিপর্য্যয় মধ্যে প্রবিষ্ট করা হয়। আর তজ্জন্য সেই মতে অযথার্থ জ্ঞান দ্বিবিধ, যথা—সংশয় ও বিপর্য্যয়। ২৪

সুখ—ইহা ধর্ম্ম (অর্থাৎ শুভাদৃষ্ট) হইতে জন্মে।

দুঃখ—ইহা অধর্ম্ম (অর্থাৎ দুরদৃষ্ট) হইতে জন্মে।

ইচ্ছা—ইহা ইষ্ট-সাধনতাজ্ঞান হইতে জন্মে।

দ্বেষ—ইহা অনিষ্ট-সাধনতাজ্ঞান হইতে জন্মে।

কৃতি—ত্রিবিধ, যথা—জীবনযোনি, প্রবৃত্তি ও নিবৃত্তি। প্রথমটী জীবন এবং অদৃষ্ট হইতে জন্মে। দ্বিতীয়টী ইচ্ছা হইতে জন্মে। তৃতীয়টী দ্বেষ হইতে জন্মে।

ধর্ম্ম—শ্রুতি-বিহিত (অর্থাৎ শাস্ত্রদ্বারা নির্দ্দিষ্ট) কর্ম্ম হইতে জন্মে।

অধর্ম্ম—শ্রুতি-বিরুদ্ধ (অর্থাৎ শাস্ত্র গর্হিত) কর্ম্ম হইতে জন্মে।

নির্বহ্নিঃ স্যাত্তদা নির্ধূমঃ স্যাৎ' ইতি তর্কো বিপর্য্যয়মধ্যে বোধ্যঃ। তত্র নৈয়ায়িকমতে স্বপ্নানধ্যবসায়ৌ বিপর্য্যয়মধ্যে প্রবিষ্টৌ। তেন তন্মতে অযথার্থজ্ঞানং দ্বিবিধং,—সংশয়ো বিপর্যয়শ্চেতি। ২৪

